মিসলেনিয়াস স্পেশাল সংখ্যা
দাম : ৫ টাকা

কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 39 ■ 26th September, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88


অরুপ্রিয় মণ্ডল
DESUN থেকে tcs অরুপ্রিয় পেরেছে, এবার তুমিও পারবে
DESUN ACADEMY
Get Placed by Skills.
ডিগ্রি আছে... কিন্তু চাকরি নেই? Problem ডিগ্রি না... Skill Gap
+91 94296 91888 | www.desunacademy.in

PSC-এর পরীক্ষায় এবার থেকে পরীক্ষা ফী লাগবে না

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : এবার থেকে রাজ্য সরকারের যে কোনো পরীক্ষার ক্ষেত্রে আর পরীক্ষা ফী দিয়ে দরখাস্ত করতে হবে না। নবান্ন সূত্রে খবর, নতুন সরকার ক্ষমতায় আসার পর চাকরিপ্রার্থীদের একগুচ্ছ প্রতিশ্রুতি দিয়েছিল। এটি ছিল তার মধ্যে অন্যতম। সম্প্রতি ২০২৫ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি পি.এস.সি.'র ওয়েবসাইটে কিছুক্ষণের জন্য প্রকাশিত হয়েছিল। সেখানে উল্লেখ ছিল পরীক্ষা ফী বাবদ ২১০ টাকা দিতে হবে (যে ফী এতদিন ধরে প্রার্থীদের দিতে হত)। কিন্তু তড়িঘড়ি সেই বিজ্ঞপ্তি তুলে নেওয়া হয়। পরে জানা যায়, ডব্লু.বি.সি.এস. পরীক্ষার জন্য পরীক্ষা ফী মকুব করা হতে পারে। তাই বিজ্ঞপ্তি বেরোতে দেরি হচ্ছে। এতদিন পর্যন্ত তপশিলী ও প্রতিবন্ধীদের পরীক্ষা ফী বাবদ কোনো টাকা দিতে হত না। এবার থেকে কাউকেই ফী দিতে হবে না।

পি.এস.সি. সূত্রে খবর, নবান্ন থেকে সবুজ সঙ্কেত এলেই পি.এস.সি.-সহ রাজ্য সরকারের বিভিন্ন পরীক্ষার এরপর ১২ পাতায়

রেলের এন.টি.পি.সি (গ্র্যাজুয়েট)-এর বিজ্ঞপ্তি নং ৬/২০০৬। দরখাস্ত নেওয়া শুরু ৮ অক্টোবর থেকে চলবে ৬ নভেম্বর পর্যন্ত

রেলে ৩,৪৭৭ স্টেশন মাস্টার, ক্লার্ক, গার্ড ও টাইপিস্ট

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ভারতীয় রেলের বিভিন্ন ডিভিশন ও জোনে কাজের জন্য নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে গ্র্যাজুয়েট যোগ্যতায় গুডস ট্রেন ম্যানেজার, স্টেশন মাস্টার, চিফ কমার্শিয়াল কাম টিকিট সুপারভাইজর, জুনিয়র অ্যাকাউন্ট অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট, সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট ও ট্রাফিক অ্যাসিস্ট্যান্ট পদে ৩,৪৭৭টি শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া শুরু হবে ৮ অক্টোবর থেকে। দরখাস্ত নেওয়া চলবে ৬ নভেম্বর পর্যন্ত। এই পদের বিজ্ঞপ্তি নং 6/2026. কারা কোন পদের জন্য যোগ্য : এরপর ৭ পাতায়

পুলিশের কনস্টেবল, সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট পদে নিয়োগ পুজোর আগেই

ও.বি.সি সাব ক্যাটেগরি আপলোড করতে পারবেন ২৬ সেপ্টেম্বর পর্যন্ত

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : কলকাতা পুলিশে ২০২৪ সালের কনস্টেবল ও লেডি কনস্টেবল পদের জন্য ও.বি.সি. সংরক্ষণ ২২% থেকে কমিয়ে ৭% করা হয়েছে। এই ও.বি.সি. সংরক্ষণের সুবিধা পাবে ৬৬টি শ্রেণীভুক্ত ক্যাটেগরি। তাই সব ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীদের নতুন ও.বি.সি. সংক্রান্ত তথ্য আপলোড করার জন্য এডিট অপশন চালু হয়েছে। দরখাস্ত করার সময় ও.বি.সি.-এ আর এরপর ১০ পাতায়

রাজ্যের ১২৩টি কোম্পানিতে

৪৫,৮৭৮ পদে চাকরি

শুরুতেই মাইনে মাসে ১৫ হাজার টাকা

পল্লবী দেওয়ান, সল্টলেক : কলকাতার প্রথম সারির ৫০টি কোম্পানি ও সারা রাজ্যে আরো ৭৩টি কোম্পানি মিলিয়ে মোট ১২৩টি প্রতিষ্ঠানে, হিউম্যান রিসোর্স (HR) বিভাগে 'এক্সিকিউটিভ' পদে ৪৫,৮৭৮ জন ছেলেমেয়ে নেবে। গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদনের জন্য যোগ্য। বয়স হতে হবে ৩০.০৯.২০২৬ তারিখের হিসাবে ৩০ বছরের মধ্যে। মাইনে মাসে ১২,০০০/- — ১৫,০০০/- টাকা পর্যন্ত। প্রার্থী বাছাই করা হবে ট্রেনিংয়ের মাধ্যমে। ঠিক কী এরপর ৪ পাতায়

NIHT-র মেগা জব ফেয়ারে ৬৫ জনের সরাসরি চাকরি

সৈকত হালদার, কলকাতা : ১৯ সেপ্টেম্বর রাজ্যের অন্যতম প্রধান ডিজিটাল মার্কেটিং প্রশিক্ষণ প্রতিষ্ঠান NIHT Digital Marketing-এর Mega Job Fair'এর দ্বিতীয় সংস্করণ সফল ভাবে শেষ হয়। ভবানীপুর ক্যাম্পাসের এই জব ফেয়ারের মাধ্যমে ডিজিটাল মার্কেটিং,

ওয়াক-ইন ড্রাইভের মাধ্যমে ১৫,০০০/-— ৫০,০০০/- পে প্যাকেজের চাকরি পেয়ে নতুন দিশা দেখাল

বিজ্ঞাপন, প্রযুক্তি ও ক্রিয়েটিভ ইন্ডাস্ট্রির প্রথম সারির রিক্রুটারদের সঙ্গে ২৫০-র ওপর ছেলেমেয়ের সরাসরি যোগাযোগ তৈরি হল। দ্রুত পরিবর্তনশীল ডিজিটাল অর্থনীতিতে দক্ষ ও ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রতিভার সঙ্গে দক্ষ কর্মী খুঁজছেন, এরপর ৬ পাতায়

ব্যাঙ্কে ১,৮০০ রিকভারি এজেন্ট

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : বরোদা ব্যাঙ্কের সহায়ক সংস্থা বরোদা গ্লোবাল শেয়ারড সার্ভিসেস লিমিটেড ডিজিটাল অনবোর্ডিং স্পেশালিস্ট, অ্যাপ্রেন্টিসশিপ (টেলি কালেকশন), এফ.ও.এস. কালেকশন, আধার অপারেটর, ডেবট রিকভারি এজেন্ট ও এরিয়া সেলস ম্যানেজার পদে ১,৮০০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

ডিজিটাল অনবোর্ডিং স্পেশালিস্ট : উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ডিগ্রি কোর্স পাশ হলে অগ্রাধিকার পাবেন। স্মার্ট ফোন, মোবাইল অ্যাপ্লিকেশন, ডিজিটাল প্ল্যাটফর্ম বিষয়ে দক্ষতা থাকতে হবে। শূন্যপদ : ৪০০টি।

অ্যাপ্রেন্টিসশিপ (টেলি কালেকশন) : উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ডিগ্রি কোর্স পাশ হলে অগ্রাধিকার পাবেন। স্মার্ট ফোন, মোবাইল অ্যাপ্লিকেশন, ডিজিটাল প্ল্যাটফর্ম এরপর ৬ পাতায়

১১০ এম.টি.এস, টেকনিশিয়ান

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : কেন্দ্রীয় সরকারি সংস্থা, সেন্ট্রাল পাওয়ার রিসার্চ ইনস্টিটিউট 'ইঞ্জিনিয়ারিং অফিসার, গ্রেড-I', টেকনিশিয়ান গ্রেড-I, অ্যাসিস্ট্যান্ট গ্রেড-II, মাল্টি টাস্কিং স্টাফ গ্রেড-I পদে ১১০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

ইঞ্জিনিয়ারিং অফিসার গ্রেড-I : ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ২০২৪, ২০২৫ ও ২০২৬ সালের এরপর ১০ পাতায়

৪৫ সুপারভাইজর

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : ন্যাশনাল ক্যাপিটাল রিজিয়ন ট্রান্সপোর্ট কর্পোরেশন লিমিটেড সুপারভাইজর, জুনিয়র মেন্টেনার পদে ৪৫ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

বিজ্ঞপ্তি নং ৩২/২০২৬এ নেওয়া হবে এইসব পদে : এরপর ২ পাতায়

UPSC'র ইঞ্জিনিয়ারিং সার্ভিস পরীক্ষার মাধ্যমে কেন্দ্রে ৪৮০ ইঞ্জিনিয়ার

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : কেন্দ্রীয় সরকারের সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং দফতরে গ্রুপ 'এ' পদে ৪৮০ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। ইনস্টিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া) থেকে সেকশন 'এ' ও 'বি' কোর্স পাশ হলেও আবেদনের যোগ্য। ইনস্টিটিউট অফ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া) থেকে গ্র্যাজুয়েট মেম্বারশিপ পরীক্ষায় পাশ হলেও আবেদন করতে পারেন। ওয়্যারলেস কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, রেডিও ফিজিক্স বা, রেডিও ইঞ্জিনিয়ারিং প্রধান বিষয় হিসাবে নিয়ে এম.এসসি. কোর্স পাশ হলে শুধুমাত্র ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের ইন্ডিয়ান ন্যাভাল আর্মামেন্ট সার্ভিস (ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং) পদের, এরপর ৭ পাতায়

রেলে ৫৯০ প্যারামেডিক্যাল কর্মী

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কলকাতা, মালদহ, শিলিগুড়ি, গুয়াহাটি, পটনা, রাঁচি, চণ্ডীগড়, ভোপাল, মুম্বই, চেন্নাই, ভুবনেশ্বর, বিলাসপুর, আহমেদাবাদ, আজমীর, এলাহাবাদ, বেঙ্গালউরু, গোরক্ষপুর, জম্মু-শ্রীনগর, মজঃফরপুর, সেকেন্দরাবাদ ও তিরুবনন্তপুরম রেল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলের বিভিন্ন জোনে নার্সিং সুপারিন্টেন্ডেন্ট, অডিওলজিস্ট অ্যান্ড স্পিচ থেরাপিস্ট, ডায়ালিসিস টেকনিশিয়ান, হেলথ অ্যান্ড ম্যালেরিয়া ইন্সপেক্টর গ্রেড-II, এরপর ৬ পাতায়

রেলের ক্যাটেরিং সার্ভিসে

২২ চাকরি

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ইন্ডিয়ান রেলওয়ে ক্যাটেরিং অ্যান্ড ট্যুরিজম কর্পোরেশন লিমিটেড 'হসপিটালিটি মনিটর' হিসাবে ২২ জন লোক নিচ্ছে। এরপর ৫ পাতায়

পরীক্ষা ৪ অক্টোবর
গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন
PSC মিসলেনিয়াস সার্ভিসেস - ২০২৪-এর
প্রিলি পরীক্ষার
1000 প্রশ্নোত্তর
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ৩০০/- টাকা
সাফল্য
সাফল্য সাধারণ জ্ঞান

কর্মসংস্থান
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

স্কুল-কলেজ-শিক্ষা

NIOS রবীন্দ্র BOSSE
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422
R

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ করুন
✆ : 7890135514

কর্মখালি

আর্জেন্ট জব ভ্যাকান্সি
কলকাতা মেট্রো রেলে শিক্ষাগত যোগ্যতানুযায়ী কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন- (17500 – 67700)। M : 9091307705
SA(A)

Punjab National Bank (DSA) বিভিন্ন সরকারি পোস্টে, নিজ জেলায় M/F নিয়োগ। যোগ্যতা : ৮ম-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 24,300/--72,900/-, H.R.-8695339415
SA

JOB VACANCY
Punjab National Bank (DSA) অফিসিয়াল পদে নিজ নিজ জেলায় M/F স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা : MP-স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21700–65900), সত্বর যোগাযোগ - M : 9134238767
SA(A)

কর্মখালি

প্রাইভেট ব্যাঙ্কে স্থায়ী জব
Age : 18–35, HS & Graduate, Salary : 15K–27K, নিজ এলাকা। হাওড়া - হুগলী - 6291125164, নৈহাটী-শিয়ালদা : 8282865342
R

WBSEDCL দিচ্ছে যোগ্যতানুযায়ী M/F জেলাভিত্তিক স্থায়ী কাজ। যোগ্যতা : MP–স্নাতক। বেতন : 20,000–63,000. PF, ESI, ছুটি, বোনাস ও প্রমোশন। যোগাযোগ- M : 8250308041
SA(A)

কর্মখালি

মেট্রো জব ভ্যাকান্সি
কলকাতা East–West মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন স্থায়ী পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18200–65700). সত্বর যোগাযোগ- M : 75015 99175
SA(A)

কর্মখালি

SBI (DSA)-তে অফিসিয়াল কাজে M/F চাই। বেতন: 22.5K (PF+ ESI) গড়িয়া - 9830871269, ব্যারাকপুর/ডানলপ- 8482024344
M

কর্মখালি

100% স্থায়ী জব
কলকাতা মেট্রোরেলে বিভিন্ন অফিসিয়াল পদে যোগ্যতানুযায়ী কন্ট্রাক্টরের অধীনে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18500–68700). M : 8372884366
SA(A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনো ভাবেইদায়ী নয়।
— সম্পাদক, **কর্মসংস্থান**

চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।
— সম্পাদক, **কর্মসংস্থান**

আইটি ইন্ডাস্ট্রিতে চাকরি পেয়ে অনন্য নজির

মাত্র ১ বছরের ট্রেনিংয়ে সাধারণ গ্র্যাজুয়েট থেকে আমি ভালো মাইনের চাকরি পেলাম কীভাবে



আমি অর্পিত চক্রবর্তী। গ্র্যাজুয়েশন পাশ করার পর সবার মতো আমিও চাকরি খুঁজছিলাম। চাকরি পেয়েওছিলাম। একটি নামী ইন্সুরেন্স কোম্পানিতে চাকরি করছিলাম। কিন্তু কিছুদিন ওখানে থাকার পরই বুঝেছিলাম, কোনো গ্রোথ নেই। তাই আমি ইউটিউবে বিভিন্ন ধরনের প্রফেশনাল কোর্স খুঁজছিলাম। কোনোটাই মনःপুত হচ্ছিল না। আমি প্রত্যেক সপ্তাহে বাড়িতে **কর্মসংস্থান** কাগজ রাখতাম। কোথায় কি ধরনের চাকরি রয়েছে বা কি ধরনের প্রফেশনাল কোর্স পড়লে কিছুদিনের মধ্যে নিশ্চিত চাকরি পাওয়া যাবে — সেই ব্যাপারে **কর্মসংস্থান** থেকে সবটাই জানতে পারতাম। ওই কাগজেই দেখলাম কলকাতার একটি ডিজিটাল মার্কেটিং ট্রেনিং সংস্থা (NIHT) এর কথা। খবরে দেওয়া নম্বরে ফোন করলাম। ওঁনারা অফিসে যেতে বললেন। প্রথমেই ওখানে প্রায় ঘণ্টাখানেক আমার কাউন্সিলিং করা হল। আমি তখন জানালাম যে, আমি ইন্সুরেন্স সেক্টরে আছি। কোনো ভাবেই আমার পক্ষে চাকরি ছেড়ে ট্রেনিং নেওয়া সম্ভব নয়। ওখানকার কাউন্সিলাররা জানালেন — আপনাকে চাকরি ছাড়তে হবে না। আমাদের এখানে প্রফেশনাল কোর্সের ট্রেনিং এমনভাবে দেওয়া হয় যাতে কারো কোনো অসুবিধা না হয়। আমার ব্যাকগ্রাউন্ড দেখে ওনারা ডিজিটাল মার্কেটিং কোর্সে ভর্তি হওয়ার জন্য পরামর্শ দিলেন। আমি ৩টি ব্যাপার দেখে ভর্তি হলাম। প্রথমত এখানে একদম গোড়া থেকে ডিজিটাল মার্কেটিং শেখানো হবে। দ্বিতীয়ত কোর্স ফি সাধ্যের মধ্যে। তৃতীয়ত প্লেসমেন্টের ব্যাপারে সবটুকু (ডিজিটাল সিভি তৈরি করা থেকে শুরু করে ইন্টারভিউ পর্যন্ত পুরো জার্নিটা) সাহায্য করা। একটা ব্যাপারে আমি প্রথম থেকেই সচেতন ছিলাম। ২০১৬ সালে আমার বাবা মারা যান। স্বভাবতই তখন থেকেই আমাকে পুরো সংসার টানতে হয়। তাই কোনো ধরনের হঠকারিতার জায়গা ছিল না আমার। কিছুদিন পরেই বুঝেছিলাম আমি ঠিক সিদ্ধান্তই নিয়েছি। এখানে মূলত প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের ওপর সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়। আমাকে Social Media Content Creation, SEO, Performance Marketing, GenAI/Automation Expert এর মতো মডিউল শেখানো হয়। ডিজিটাল মার্কেটিং কোর্সের পুরোটাই প্র্যাক্টিক্যাল বেস। যতই আপনি থিওরি ভালো জানুন না কেন, যতক্ষন না পর্যন্ত প্র্যাক্টিক্যালি আপনি সেটাকে প্রয়োগ করা শিখছেন ততক্ষণ পর্যন্ত চাকরির বাজারে আপনার কোনো দাম নেই। আর ঠিক এই ব্যাপারেই NIHT অদ্বিতীয়। যেকোনো ধরনের সমস্যায় এখানকার ফ্যাকাল্টি সম্পূর্ণভাবে আমাকে সাপোর্ট করেছে। ভরসা জুগিয়েছে — যাই হোক না কেন — আমি পারবোই। ঠিক ৯ মাস পর থেকে আমি বিভিন্ন জায়গায় চাকরির ইন্টারভিউ দিতে থাকি। প্রথমে আমি ইন্টারভিউ ক্র্যাক করতে পারছিলাম না। ধৈর্য্য ধরে প্রতিটি ইন্টারভিউয়ে কি ভুল হয়েছে তা সঙ্গে সঙ্গে বুঝিয়ে দিয়েছে আমার মেন্টর। অবশেষে একদিন ঠিক আমি ইন্টারভিউ ক্র্যাক করলাম। কোর্সে ভর্তি হওয়ার ঠিক এক বছর পর আজ আমি সোশ্যাল মিডিয়া এক্সিকিউটিভ হিসাবে কলকাতার একটি নামী সংস্থায় কর্মরত। এখন আমি যা মাইনে পাই — ১ বছর আগেও আমি তা ভাবতে পারতাম না। এখানকার ট্রেনিংয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হল — একবার এখানে ঢুকলে চাকরি আপনি পাবেনই।

NIHT-তে ঠিক কী ধরনের ট্রেনিং দেওয়া হয় যাতে আমার মতো সবাই এখান থেকে চাকরি পায়?

(১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল — যা এখন দেশের মধ্যে অন্যতম সেরা ইন্ডাস্ট্রি-ফ্রেন্ডলি ডিজিটাল প্রোগ্রাম। (২) এখানে Google Ads, Meta Ads আর YouTube Ads শেখানো হয়— যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, এখানে ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এখানে ট্রেনিদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। (৭) এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৮) এখানকার ট্রেনিরা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বিভিন্ন লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৯) এছাড়াও এখানে রয়েছে 'লাইভ পডকাস্ট স্টুডিও' যাতে ট্রেনিরা 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। আমার মতো যদি তোমারও একটু সাহস করে, নিজের ওপর বিশ্বাস রেখে, ঠিক ১ বছরের মধ্যে স্বপ্নের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ করো এই ফোন নম্বরে : 9830501515 / 9903622993.

৪৫ সুপারভাইজর

১ পাতার পর

সুপারভাইজর -I (অপারেশন্স) : ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

সুপারভাইজর -I (ইলেক্ট্রনিক্স) : ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১৮টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

সুপারভাইজর -I (ইলেক্ট্রিক্যাল) : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১৪টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

সুপারভাইজর -I (মেকানিক্যাল) : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ)।

সুপারভাইজর -I (সিভিল) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১)।

জুনিয়র মেন্টেনার (ইলেক্ট্রিক্যাল) : আই.টি.আই. থেকে ইলেক্ট্রিক্যাল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ১)।

জুনিয়র মেন্টেনার (ফিটার) : আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৬, ও.বি.সি. ২, তঃজাঃ১)।

জুনিয়র মেন্টেনার (আর.এ.সি.) : আই.টি.আই. থেকে রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১)।

জুনিয়র মেন্টেনার (ইলেক্ট্রনিক্স) : আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

বিজ্ঞপ্তি নং ৩৩/২০২৬'এ নেওয়া হবে এইসব পদে :

সুপারভাইজর -I (ইনফর্মেশন টেকনোলজি) : কম্পিউটার সায়েন্স বা, ইনফর্মেশন টেকনোলজির ডিপ্লোমা, বি.সি.এ./বি.এসসি. (আই.টি.), কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি বা, ইলেক্ট্রনিক্সের ডিগ্রি কিংবা এম.সি.এ. কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৭, ও.বি.সি ১)।

সুপারভাইজর -I (ইলেক্ট্রিক্যাল) : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

সুপারভাইজর -I (সিভিল) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

জুনিয়র মেন্টেনার (ইলেক্ট্রিক্যাল) : আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

জুনিয়র মেন্টেনার (ফিটার) : আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১০-৯-২০২৬'এর হিসাবে ২৮ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে: সুপারভাইজর পদে ৩৭,০০০-১,১৫,০০০ টাকা আর জুনিয়র মেন্টেনার পদে ১৮,২৫০-৫৯,২০০ টাকা। প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে নভেম্বর-ডিসেম্বরে। ১০০ নম্বরের ৯০ মিনিটের পরীক্ষা হবে কলকাতা-সহ বিভিন্ন কেন্দ্রে। পরীক্ষার সিলেবাস ওয়েবসাইটে পরে পাবেন। নেগেটিভ মার্কিং নেই। শুরুতে ২ বছরের প্রবেশন। দরখাস্ত করবেন অনলাইনে, ৯ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.ncrtc.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এজন্য পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

শিক্ষিত বেকাররা যোগ্য না হয়ে ওঠায় চাকরি পাচ্ছে না

সবসময় শোনা যায়— চাকরি নেই। তাই পড়াশোনা করে কী হবে? কিন্তু আসল সত্যিটা হল চাকরি আছে। শুধুমাত্র ছেলেমেয়েদের লক্ষ্য স্থির নয় বলে— তারা তা খুঁজে পাচ্ছে না। দুঃখের কথা হল যোগ্য চাকরি থাকলেও— চাকরি করার যোগ্যতা খুব কম ছেলেমেয়েরই আছে। ঠিক কী ধরনের প্রফেশনাল ট্রেনিং থাকলে, আপনি প্রফেশনাল ফিল্ডে উত্তরোত্তর উন্নতি করবেন সেই দিশার খোঁজ দিলেন সফল উদ্যোক্তা ও দীর্ঘ ১ যুগের অন্যতম সেরা কেরিয়ার পরামর্শদাতা ডিসান অ্যাকাডেমির অর্ঘ্য দত্ত।



অর্ঘ্য দত্ত
সি.ই.ও
ডিসান অ্যাকাডেমি

প্রায় ১২ বছর ধরে ছেলেমেয়ে, চাকরিপ্রার্থী ও অভিভাবকদের সঙ্গে সরাসরি কাজ করার অভিজ্ঞতা থেকে আমি একটি কঠিন কিন্তু স্পষ্ট সত্য বুঝেছি— আমাদের সমস্যা 'চাকরির অভাব নয়', সমস্যার মূল হল 'দিশাহীনতা'। প্রতিদিন আমি অসংখ্য ছেলেমেয়েকে জিজ্ঞাসা করি— 'তুমি কী হতে চাও?' মাত্র ১০% ক্ষেত্রে উত্তর আসে— 'একটা ভালো চাকরি করতে চাই।' কিন্তু যখন পরের প্রশ্ন করি— কোন চাকরি? কোন ক্ষেত্র? কত বেতন আশা করো? সেই জায়গায় পৌঁছাতে কী দক্ষতা দরকার?— তখন কিন্তু কোনো উত্তর নেই। শুধুমাত্রই নীরবতা।

• Course-এ তো ভর্তি হয়েছি, কিন্তু Career হচ্ছে না

আজকের দিনে ছেলেমেয়ে ও অভিভাবকদের ফোকাস স্পষ্ট— কোন কোর্স করলে, ঠিক কী চাকরি পাওয়া যাবে? কিন্তু কেউ প্রশ্ন করছে না— এই কোর্স কি আমার জন্য সঠিক? এই ফিল্ডে কি আমার আগ্রহ বা দক্ষতা আছে? বাস্তবে এই ক্ষেত্রে সুযোগ কতটা? ফলে যা হচ্ছে তা ভয়াবহ। কোনো কিছু না ভেবে শুধুমাত্র ট্রেন্ড 'ফলো' করে যেকোনো ট্রেনিংয়ে ভর্তি হলে আর যাই হোক চাকরি যে হবে না— তা নিশ্চিত করে বলা যায়। এই সুযোগে একটি 'course economy' তৈরি হয়েছে, যেখানে ভর্তি হচ্ছে হাজার হাজার ছেলেমেয়ে, অথচ কর্মসংস্থানের নিশ্চয়তা নেই। তারপরে স্বভাবতই প্রশ্ন ওঠে— 'চাকরি নেই কেন?'

• ৩-৪ বছর ধরে বিনিয়োগ, কিন্তু লক্ষ্য শূন্য

আমাকে অনেক সময় ভাবায়— যদি শেষ পর্যন্ত ১০-১২ হাজার টাকার একটি সাধারণ চাকরিই করতে হয়, তাহলে— ৩-৪ বছর ধরে লক্ষাধিক টাকা ব্যয় করব কেন? বিনিয়োগ করার অর্থ কী? এই প্রশ্নটি কঠিন, কিন্তু আজকের দিনে দাঁড়িয়ে খুবই প্রয়োজনীয়। কারণ বাস্তব হল— অনেক ছেলেমেয়ে গ্র্যাজুয়েট হলেও তারা প্রকৃত স্কিল এর অভাবে দিশাহীন।

• Degee ≠ Employability

সমাজে এখনও একটি প্রচলিত ধারণা আছে— 'বি.টেক করলেই পাকা চাকরি'। আবার এই ধারণাও আছে— 'এমসিএ করলে কেরিয়ার নিরাপদ'। একদম ভুল। আমি স্পষ্টভাবে বলছি— এই 'বস্তাপচা ধারণা'র সাথে বাস্তবের কোনো মিল নেই। আমি এমন বহু ছেলেমেয়ে দেখেছি— যাদের কাছে ডিগ্রি আছে, কিন্তু কোনো স্কিল নেই। শুধুমাত্র প্রয়োজনীয় ট্রেনিংয়ের অভাবে ইন্টারভিউ ক্র্যাক করতে পারছে না। আবার, যারা মতো ঠিকমতো ট্রেইন্ড বা স্কিলড— তাদের কাছে রিসোর্স কম থাকলেও তারা ঠিক সফল হচ্ছে। কেরিয়ারের শুরুতেই ভালো পে-প্যাকেজ পাচ্ছে।

• Passion কে দমন করে, Reality কে ভুল বোঝা হচ্ছে

আমাদের সমাজে দুটি প্রচলিত কিন্তু ভুল ধারণা আছে। একটি হল শুধুমাত্র 'প্যাশন' দিয়ে আজকের দিনে দাঁড়িয়ে কিছু হয় না। আরেকটি ধারণা হল— বাস্তব না দেখে শুধুমাত্র 'প্যাশন' ফলো করছে। কিন্তু আসল সত্যিটা হল — Passion + Practical Strategy = Sustainable Success. যারা এই সমন্বয় করতে পারে, তারা দেরিতে হলেও অবশ্যই স্থায়ীভাবে সফল হয়।

• Guardian mindset— নীরব কিন্তু বড় প্রভাব

আমি সরাসরি বলব— অনেক ক্ষেত্রে অভিভাবকদের চিন্তাধারাও এই সমস্যার জন্য দায়ী। 'সরকারি চাকরি— একমাত্র নিরাপদ। প্রাইভেট জবে কোনো ভবিষ্যত নেই'। এই মাইন্ডসেট থেকেই অভিভাবকেরা তাঁদের ছেলেমেয়েদের ঝুঁকি নিতে বাধা দেয়। ফলে ছেলেমেয়েরাও কোনো ঝুঁকি নেয় না। স্বভাবতই নতুন কোনো ক্ষেত্র তাই এক্সপ্লোর হয় না। যা চাকরির বাজারে তার ডিম্যান্ড কমিয়ে দেয়।

• সমস্যা পড়াশোনায় নয়, Execution-এ

আজকের ছেলেমেয়েরা ট্রেনিং তো শুরু করছে— কিন্তু শেষ করছে না। একটু ধৈর্য্য ধরে ট্রেনিং শেষ করলেই কিন্তু তার জন্য ভালো কেরিয়ার অপশন তৈরি হতে পারে। দরকার ডিসিপ্লিনড ভাবে প্র্যাক্টিক্যাল সেন্স এর প্রয়োগ। ট্রেনিং শুরু করলে শেষ করতেই হবে— এই আপ্তবাক্য মাথায় রাখলে ঘরে বসে চাকরি পাবেন— এ আমার গ্যারান্টি।

• স্পষ্ট কিন্তু প্র্যাক্টিক্যাল সিদ্ধান্ত

আমাদের 'এডুকেশন সিস্টেম' এর সম্পূর্ণ বাইরে এসে ছেলেমেয়েদের ৩টি বিষয় শিখতেই হবে— (১) Clarity— অর্থাৎ আমি ঠিক কী করতে চাইছি? (২) Skill— অর্থাৎ আমি ঠিক কী করতে পারি? (৩) Market— অর্থাৎ ঠিক কোথায় সুযোগ আছে। এই ৩টি বিষয় পরিষ্কার জানা না থাকলে কোনো ডিগ্রি— কোনো কোর্স— কোনো ট্রেনিং আপনাকে চাকরি দিতে পারবে না। শেষে সবাইকে এটুকুই বলব— 'ঠিকঠাক মতো কেরিয়ার প্ল্যান ছাড়া পড়াশোনা করা মানে অন্ধ বিনিয়োগ— খরচ নিশ্চিত, কিন্তু ফল অনিশ্চিত।' যদি এখনই আমরা ডিরেকশন, অ্যাওয়ারনেস ও বাস্তবভিত্তিক প্র্যাক্টিক্যাল সিদ্ধান্ত— এই ৩টি বিষয়ের ওপর গুরুত্ব দিয়ে কোনো সিদ্ধান্ত নিলে তা ১০০% ঠিক হবে— এ আমার দৃঢ় বিশ্বাস। যোগ্যতা অনুযায়ী ঠিক কী ধরনের ট্রেনিং দরকার, তা জানাটাই আসল। আর এই ধরনের ট্রেনিংয়ের খোঁজ পেতেই নির্দ্বিধায় যোগাযোগ করুন আমাদের স্পেশাল কেরিয়ার টিমের সঙ্গে এই নম্বরে : ৯৪২৯৬৯১৮৮৮।

অ্যাকাউন্ট্যান্ট নিয়োগ

তারকনাথ দাস, বাদুড়িয়া : রাজ্যের অন্যতম সেরা সংস্থা আল আমিন ইন্ডাস্ট্রি প্রা. লি.-এ উত্তর ২৪ পরগনা জেলার জন্য 'অ্যাকাউন্ট্যান্ট' পদে বেশ কিছু ছেলেমেয়ে নেবে। গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। Tally Prime সফটওয়্যার ও জিএসটি'র কাজে দক্ষ হতে হবে। অ্যাকাউন্টিং কাজের ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্যালারি মাসিক ২০,০০০/- টাকা। আগ্রহী প্রার্থীরা বায়োডাটা/CV পাঠাতে আজই যোগাযোগ করুন: +91 6297849030.

ব্যাঙ্কে ১,৮০০ রিকভারি এজেন্ট

১ পাতার পর

বিষয়ে দক্ষতা থাকতে হবে। শূন্যপদ : ১৫০টি।

এফ.ও.এস. কালেকশন : উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ডিগ্রি কোর্স পাশ হলে অগ্রাধিকার পাবেন। ডি.আর.এ. সার্টিফিকেট থাকতে হবে। ২ চাকার গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। শূন্যপদ : ৪০০টি।

আধার অপারেটর : উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। এন.এস.সি.আই.টি. সার্টিফিকেট থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। শূন্যপদ : ৪০০টি।

ডেবট রিকভারি এজেন্ট : উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ডিগ্রি কোর্স পাশ হলে অগ্রাধিকার পাবেন। শূন্যপদ : ১০০টি।

এরিয়া সেলস ম্যানেজার : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। সেলসের কাজে অন্তত ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৩৫০টি।

ওপরের সব পদের বেলায় ব্যাঙ্কিং বা, ফিনান্সিয়াল ইন্ডাস্ট্রির নিয়মানুযায়ী বয়স ও প্যাকেজ থাকবে।

প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, দক্ষতা, আর্থিক বা, ব্যাঙ্কিং সংক্রান্ত কাজে অভিজ্ঞতা দেখে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://www.bgss.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

চাকরির টুকরো খবরাখবর

১৫ অ্যাপ্রেন্টিস

সফটওয়্যার টেকনোলজি পার্কস অফ ইন্ডিয়া অ্যাপ্রেন্টিস হিসাবে ১৫ জন লোক নিচ্ছে। ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, টেলিকমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। আর্টস, কমার্স, অ্যাডমিনিস্ট্রেশনের ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছরে বয়সে ছাড় পাবেন। বি.ই./বি.টেক. কোর্স পাশদের বেলায় স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা আর অন্যান্যদের বেলায় ১২,৩০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : 7(1)/I/STPI-HQ/2026-27, Date: 14.09.2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in, www.stpi.in

'সি-টেট' পরীক্ষা হবে ১২-১৩ ডিসেম্বর

সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনের ২২তম 'সি-টেট' হবে ১২ ও ১৩ ডিসেম্বর। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ২ দিন আগে থেকে। এই ওয়েবসাইটে : https://ctet.nic.in

রেলের জুনিয়র ইঞ্জিনিয়ার পদের দ্বিতীয় পর্যায়ের ফল বেরিয়েছে

ভারতীয় রেলের বিজ্ঞপ্তি নং 5/2025'এর জুনিয়র ইঞ্জিনিয়ার, ডিপো মেটেরিয়াল সুপারিন্টেন্ডেন্ট, কেমিক্যাল অ্যান্ড মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদের দ্বিতীয় পর্যায়ের যে পরীক্ষা ২ জুলাই হয়েছিল, তার ফল বেরিয়েছে। সফলদের এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা। বিস্তারিত তথ্য পাবেন সংশ্লিষ্ট বোর্ডের ওয়েবসাইটে।

নামী ইলেক্ট্রিক্যাল ম্যানুফাকচারিং কোম্পানিতে ওয়েল্ডার ও ফিটার চাই

কলকাতার একটি নামী ইলেক্ট্রিক্যাল ম্যানুফ্যাকচারিং কোম্পানিতে ওয়েল্ডার ও ফিটার পদে কিছু লোক নিচ্ছে। সংশ্লিষ্ট ট্রেডে আই.টি.আই. পাশ প্রার্থীরা যোগ্য। অভিজ্ঞতা না থাকলে অসুবিধা নেই। থাকা-খাওয়া, ই.এস.আই., প্রভিডেন্ট ফান্ড আছে। বিস্তারিত তথ্য জানতে ফোন করুন এই নম্বরে : 9831048633.

ব্যাঙ্কের অ্যাপ্রেন্টিস পদের ফল বেরোল

ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্কের অ্যাপ্রেন্টিস পদের যে পরীক্ষা ২ আগস্ট হয়েছিল, তার ফল বেরিয়েছে। সফলদের সার্টিফিকেট ভেরিফিকেশন সংক্রান্ত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://www.iob.bank.in

হেল্‌থ সেক্টরে প্রচুর শূন্যপদ

কল্যাণী বিশ্ববিদ্যালয় ও রাজ্য সরকার অনুমোদিত নানান কর্মমুখী কোর্সে ভর্তি চলছে

নিজস্ব সংবাদদাতা, কল্যাণী : কল্যাণী বিশ্ববিদ্যালয় ও রাজ্য সরকার অনুমোদিত ও UGC Approved MCG College of Health Science-এ এইসব কোর্সে ভর্তি শুরু হয়েছে : ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাব টেকনোলজি (DMLT), ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনোলজি (DMRT), ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি (DOTT), ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি (CCT), ডিপ্লোমা ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগস (CMS & ED), ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনোলজি (DPT)। যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ভর্তির জন্য যোগ্য। সীট সীমিত। বিশেষ সুবিধা : (১) অভিজ্ঞ শিক্ষকদের দ্বারা প্রশিক্ষণ, (২) আধুনিক ক্লাসরুম ব্যবস্থা, (৩) Computer & Spoken English Classes, (৪) Hand-to-Hand Practical Training, (৫) সরকারি হাসপাতালে ইন্টার্ণশিপের সুযোগ, (৬) কোর্স শেষে প্লেসমেন্টে সহায়তা। ফী : ৫০,০০০ টাকা (প্রতি বছর)। এছাড়া ক্রেডিট কার্ড ও স্কলারশিপের সুবিধা আছে। যোগাযোগ : MCG College of Health Science, F-30, Near Kalyani Main Station (Near Platform No. 3), Kalyani, Nadia – 741235. Phone : (033) 40838089, 9088888123.

চাকরি বাঁচাতে টেট চাই, সি-টেটে বসবো তাই



টি. কে. মিত্র

আমাদের রাজ্যের কর্মরত টেটহীন প্রাথমিক, উচ্চ-প্রাথমিক শিক্ষকদের কাছে ৩১ আগস্ট, ২০২৮ সময়োপযোগী একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হতে চলেছে। মহামান্য সুপ্রিম কোর্টের সর্বশেষ নির্দেশনানুসারে ওই সময়সীমার মধ্যে সকলকে টেট পাশ করতেই হবে। তাই এই রাজ্যের টেটহীন শিক্ষকদের কাছে এটি একটা শিরঃপীড়ার কারণ।

এটি একটি হলে শিরঃপীড়ার অপর কারণটি হল, রাজ্যের টেট পরীক্ষাগুলো এখন থেকে নিয়মিত হবে তো? দিবাস্বপ্ন না দেখে কেউ কেউ বছরে দুটি টেট পরীক্ষা আয়োজনের কথা বলছেন। দীর্ঘদিন টেট না হওয়ার কারণে রাজ্যে টেটের খরা চলছেই। আবার পরীক্ষা নিয়মিত হলেও যথাসময়ে ফলপ্রকাশ হবে তো? এক্ষেত্রে আমার মতে বাফার অপশন হিসাবে সি-টেট-কে বেছে নেওয়াই শ্রেয়। যদি এই সময়সীমার মধ্যে রাজ্যের টেট পরীক্ষাগুলি অনুষ্ঠিত হয়, তবে তাকে বোনাস হিসাবে দেখা যেতে পারে। বছরে দু'টি সি-টেট হবার নিরীখে এখনো চারটি সি-টেট পরীক্ষায় বসা সম্ভব (সর্বশেষটি হল ফেব্রুয়ারি, ২০২৮ তারিখে)। সিলেবাস মোটামুটি একই শুধু বাড়তি পড়তে হবে হিন্দি বিষয়টি।

আগামী ১২ ও ১৩ ডিসেম্বর, ২০২৬ অনুষ্ঠেয় CTET পরীক্ষার প্রস্তুতির জন্য বিশেষ ক্র্যাশকোর্সে ভর্তি চলছে কলকাতার ক্যাসেস এডুকেশনে। এছাড়াও রাজ্যের সকল টেটহীন টিচারদের পরবর্তী তিনটি সি-টেটের পরীক্ষায় বসবার জন্য বিশেষ কোর্সে ভর্তি চলছে। এই বিশেষ কোর্সে ভর্তি হয়ে প্রস্তুতি নিলে সুপ্রিম সময়সীমা অনুযায়ী রাজ্যে অনুষ্ঠিত সকল টেটের পরীক্ষাতেও বসা সম্ভব। দক্ষ এবং সেরা সেরা ফ্যাকাল্টিদের সমন্বয়ে তৈরি রাজ্যের অন্যতম সেরা এই শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হলে একশো শতাংশ সাফল্যের গ্যারান্টি। বিস্তারিত জানতে যোগাযোগ করুন নিম্নোক্ত ঠিকানায় : CACES EDUCATION, 35, APC Road, Sealdah, Kol- 9 (Near Jagat Cinema), WAPP- 9062756906, 9123325910.

বিঃদ্রঃ- কর্মরত নন-টেট টিচারদের জন্য রবিবার বিশেষ ক্লাসের ব্যবস্থা করা হয়েছে।

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430

স্টাফ সিলেকশনের CHSL পরীক্ষার মাধ্যমে

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রকে ২,৫৩৬ ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট ও অপারেটর পদে কীভাবে চাকরি পাবেন

চাকরির বাজারে দেশের অন্যতম সেরা ও কঠিন পরীক্ষা হল স্টাফ সিলেকশন কমিশনের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল এক্সাম। প্রতি বছর কয়েক লাখ ছেলেমেয়ে এই পরীক্ষায় বসে। কিন্তু শূন্যপদ থাকে মাত্র কয়েক হাজার। তাই এই পরীক্ষায় ক্র্যাক করতে হলে দরকার স্পেশাল কিছু টেকনিক। এবছর CHSL'র অনলাইনে আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ৭ অক্টোবর। তারপর প্রথম পর্যায়ের পরীক্ষার আগে হাতে আর মাত্র কয়েক মাস সময় থাকবে। এই অল্প সময়ের মধ্যে ঠিক কী ধরনের প্রস্তুতি নিলে এই অত্যন্ত সম্মানীয় পরীক্ষায় সফল হবেন, তার টিপস নিয়ে আলোচনা করছেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রশাসনিক বিভাগ, মন্ত্রণালয় ও সব অফিসে বিভিন্ন শূন্যপদে নিয়োগের জন্য সিএইচএসএল (CHSL) পরীক্ষা পরিচালনা করে স্টাফ সিলেকশন কমিশন (SSC)। গ্রুপ সি ক্যাটেগরিতে নিয়োগের জন্য এই পরীক্ষা পরিচালনা করা হয়। এটি দ্বাদশ শ্রেণির বোর্ডের পরীক্ষা পাশ করা প্রার্থীদের মধ্যে সবচেয়ে জনপ্রিয় সরকারি সব পরীক্ষার মধ্যে একটি।

এই চাকরিতে রয়েছে নিরাপত্তা, উপযুক্ত বেতন ও দীর্ঘমেয়াদী কর্মজীবনের অগ্রগতির নিশ্চয়তা। এই পরীক্ষার মাধ্যমে নির্বাচিত প্রার্থীদের লোয়ার ডিভিশন ক্লার্ক (LDC), জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট (JSA), ডাক সহকারী (স্টট), সর্টিং অ্যাসিস্ট্যান্ট (ট্রট্ট) এবং ডেটা এন্ট্রিঅপারেটর (DEO)-এর মতো পদে নিয়োগ করা হয়। এইসব পদে কাঠামোগত বেতন স্কেল ও সরকারি নিয়ম অনুসারে বেশ কয়েকটি ভাতা অন্তর্ভুক্ত থাকে।

আর্থিক সুবিধা ছাড়াও, এসএসসি সিএইচএসএল পরীক্ষার মাধ্যমে পাওয়া চাকরিগুলি একটি স্থিতিশীল কাজের পরিবেশ ও বিভাগীয় পরীক্ষার মাধ্যমে যোগ্য কর্মীদের পদোন্নতির সুযোগ প্রদান করে।

বেতন কাঠামো :

লোয়ার ডিভিশন ক্লার্ক ও জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদের বেতন কাঠামো : পে লেভেল-২ অর্থাৎ মূল বেতন ১৯,৯০০ টাকা থেকে ৬৩,২০০ টাকা। ডেটা এন্ট্রিঅপারেটর পদে পে লেভেল-৪ ও পে লেভেল-৫ মূল বেতন ২৫,৫০০ থেকে ৯২,৩০০ পর্যন্ত-এর সঙ্গে অতিরিক্ত হিসেবে মহার্ঘ ভাতা (DA), বাড়ি ভাড়া ভাতা (HRA) ও অন্যান্য সুযোগ সুবিধা পাওয়া যায়।

বয়সসীমা :

এসএসসি সিএইচএসএল পরীক্ষায় জেনারেল ক্যাটেগরিতে বয়সসীমা ১ আগস্ট, ২০২৬ তারিখ অনুযায়ী, ১৮ থেকে ২৭ বছর। প্রার্থীদের জন্ম হতে হবে ২ আগস্ট, ১৯৯৯-এর আগে নয় ও ১ আগস্ট ২০০৮ এর পরে নয়। জেনারেল ছাড়া অন্যান্যদের সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় রয়েছে।

আবেদনের পদ্ধতি :

১. প্রথমে SSC Official Website-এ গিয়ে ওটিআর (OTR - One Time Registration) সম্পন্ন করতে হবে।

২. রেজিস্ট্রেশনের পর লগ ইন করে সিএইচএসএল ২০২৬ পরীক্ষার ফর্মের জন্য আবেদন করতে হবে।

৩. অনলাইনে আবেদন ফি জমা দিতে হবে (সাধারণ প্রার্থীদের জন্য ১০০ টাকা, মহিলা ও সংরক্ষিত প্রার্থীদের কোনো ফি লাগে না)।

পরীক্ষার প্যাটার্ন ও সিলেবাস :

এই পরীক্ষা প্রধানত ২টি ধাপে (টিয়ার ওয়ান ও টিয়ার টু) হয়। কম্পিউটারে অনলাইন ভিত্তিক পরীক্ষা (CBT) হয়।

● টিয়ার ওয়ান– অবজেক্টিভ প্যাটার্নে মোট ১০০টি প্রশ্ন থাকে। প্রতিটি প্রশ্নের মান ২, মোট ২০০ নম্বর, সময় ৬০ মিনিট থাকে। প্রতি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা হয়। ইংরিজি ভাষার প্রশ্নপত্রে ২৫টি প্রশ্ন, ৫০ নম্বর রয়েছে। জেনারেল ইন্টেলিজেন্স, রিজনিং-এ ২৫টি প্রশ্ন, ৫০ নম্বর, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউডের মধ্যে গণিতে– ২৫টি প্রশ্ন, ৫০ নম্বর রয়েছে। এছাড়া জেনারেল অ্যাওয়ারনেসের মধ্যে জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্সে ২৫টি প্রশ্ন, ৫০ নম্বর থাকে। প্রতিটি বিষয়ে ১৫ মিনিট করে মোট ৬০ মিনিট সময় থাকবে। এমসিকিউ ধরনের প্রশ্ন থাকবে।

প্রতিটি বিষয়ের জন্য ১৫ মিনিটের একটি বিভাগীয় টাইমার থাকবে। প্রার্থীরা অব্যবহৃত সময় এক বিষয় থেকে অন্য বিষয়ে স্থানান্তর করতে পারবেন না। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা হবে। ইংরিজি ভাষার সব প্রশ্ন ইংরিজিতেই করা হবে। অন্যান্য সব বিভাগ ইংরিজি, হিন্দি ও প্রযোজ্য ক্ষেত্রে, অ্যাপ্লিকেশনে নির্বাচিত ভাষায় পাওয়া যাবে।

● টিয়ার ২ পরীক্ষা– এই পরীক্ষা সেশন-১ ও সেশন-২-এ বিভক্ত। সেশন-১-এর মধ্যে রয়েছে ৩টি সেকশন। সেকশন-১ এ রয়েছে গণিত ও রিজনিং (মডিউল ১ ও ২)। এখানে প্রতিটি প্রশ্নপত্রে ৩০ মিনিট করে মোট ৬০ মিনিট। ৬০টি প্রশ্নে ১৮০ নম্বর রয়েছে। সেকশন-২ এ রয়েছে ইংলিশ ল্যাঙ্গুয়েজ ও কম্প্রিহেনশন আর জেনারেল অ্যাওয়ারনেস (জিএ)। ইংলিশে ৪০ মিনিট ও জিএ-তে ২০ মিনিট, মোট ৬০ মিনিট রয়েছে। ৬০টি প্রশ্নে রয়েছে ১৮০ নম্বর। সেকশন তিনে রয়েছে কম্পিউটার নলেজ টেস্ট। সময়সীমা ১৫ মিনিট, ১৫টি প্রশ্নে রয়েছে ৪৫ নম্বর। সেশন-২-এ রয়েছে স্কিল ও টাইপিং টেস্ট। ডেটা এন্ট্রি অপারেটরদের জন্য স্কিল টেস্ট। লোয়ার ডিভিশন ক্লার্ক, জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদের জন্য টাইপিং টেস্ট হবে ইংরিজি বা হিন্দি ভাষায়।

প্রস্তুতির কৌশল :

পরীক্ষায় সফল হতে গেলে সিলেবাস সম্পূর্ণ করা দরকার। দশম ও দ্বাদশ শ্রেণির লেভেলের গণিত, ইংরিজি ও ব্যাকরণের ভিত্তি মজবুত করতে হবে। প্রতিদিন রিজনিং ও গণিতের শর্টকাট পদ্ধতি প্র্যাকটিস করাটা জরুরি। কারেন্ট অ্যাফেয়ার্সে বেশি নম্বর পেতে হলে নানা ঘটনার সময়, সাল, তারিখ-সহ নোট লিখে সব মনে রাখতে হবে। জাতীয় ও আন্তর্জাতিক সাম্প্রতিক ঘটনাবলি নিয়মিত পড়তে হবে। পরীক্ষার গতি ও নির্ভুল উত্তর দেওয়ার দক্ষতা বৃদ্ধি করতে অনলাইন মক টেস্ট দেওয়ার অনুশীলন করুন। বিগত বছরের সব প্রশ্নপত্রের সমাধান করলে পরীক্ষার প্যাটার্ন সম্পর্কে স্পষ্ট ধারণা পাওয়া যায়।

প্রয়োজনীয় বই :

পরীক্ষায় সফল হতে উল্লেখিত সব বই পড়তে পারেন। Quantitative Aptitude for Competitive Examinations -- R.S. Aggarwal, Advance Maths -- Rakesh Yadav, SSC Mathematics (Kiran Publication)। ইংরিজির জন্য Objective General English - S.P. Bakshi অথবা Plinth to Paramount - Neetu Singh। রিজনিং-এর জন্য পড়তে পারেন A Modern Approach to Verbal & Non Verbal Reasoning -- R.S. Aggarwal বা Arihant পাবলিকেশনের বই। জেনারেল অ্যাওয়ারনেসে নম্বর পেতে পড়তে পারেন Lucent's General Knowledge ও যে কোনো ভালো মাসিক কারেন্ট অ্যাফেয়ার্স ম্যাগাজিন। যাঁরা প্রথমবার এই ধরনের চাকরির পরীক্ষা দিচ্ছেন তাঁরা কম্পিউটার ভিত্তিক পরীক্ষা দেওয়ার আগে নম্বর পাওয়ার কৌশল, টাইম ম্যানেজমেন্ট ও নেগেটিভ মার্কিং এড়ানোর সব উপায় ভালো করে জেনে বুঝে নেবেন। প্রতিটি প্রশ্ন ভাল ভাবে পড়বেন ও সতর্ক হয়ে উত্তর দেবেন। আন্দাজে মনগড়া উত্তর দেবেন না। এসএসসি সিএইচএসএল হল দ্বাদশ শ্রেণি উত্তীর্ণ প্রার্থীদের জন্য কেন্দ্রীয় সরকারি চাকরিতে নিয়োগের একটি দারুণ সুযোগ। এই সুযোগের সদ্ব্যবহার করুন।

ব্যাঙ্ক, রেল, কনস্টেবল, এসএসসি সিজিএল, ডব্লু.বি.সি.এস., এস.এস.সি, ইউ.পি.এস.সি.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

৪৫,৮৭৮ পদে চাকরি

১ পাতার পর

ধরনের ট্রেনিং নেওয়া থাকলে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, "দেখুন, সারা বছর ধরে প্রতিটি সংস্থায় এই বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ, ৩০ বছর বয়সী সাধারণ মানের গ্র্যাজুয়েট, ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে এই ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় এই পদে। আমাদের এখান থেকেই এই বিভাগে গত ৬ মাসে চাকরি হয়েছে প্রায় ১,৬১৮ জনের। আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। রাজ্যের Labour Bureau Association এর থেকে পাওয়া গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক মতো জায়গা থেকে এই ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।"

যেকোনো শাখায় গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা খুব সহজে এই ধরনের ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে কলকাতার ৭০ থেকে ৮০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে CEO জানালেন, 'রাজ্যের মধ্যে এখন এই ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবথেকে ওপরে। কারণ : (১) একমাত্র এখানেই এই বিভাগের এন্ট্রি লেভেল নিয়োগ তথা, **Talent Acquisition (HR)** পদের জন্য আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। (২) এই ট্রেনিং দেওয়া হয় ২টি বেসিক ট্রেনিং, তারপর যাঁরা (পে-প্যাকেজ) চাকরি চায়, মাসের 'স্পেশাল প্রফেশনাল পর্যায়ের ট্রেনিং আর (৩) একমাত্র এখানেই রাজ্যের প্রথম সারির করানো হয়। এই সময় হিসাবে মাসে ১০,০০০ দেওয়া হয়। (৪) এই সংস্থার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সব কোম্পানির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। ৩ মাসের বেসিক ট্রেনিং করার পর নিয়োগ হয় **'Talent Acquisition (HR)'** পদে। তখন শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। আর ৬ মাসের প্রফেশনাল ট্রেনিং নিলে **'HR Executive'** (স্যালারি মাসে ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা) এমনকি সরাসরি **'HR Manager'** (স্যালারি মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা) পদেও অনেকের চাকরি হয়। (৫) এখানকার এই ট্রেনিংয়ের ইন্ডাস্ট্রিতে কতটা কদর, তা একটা উদাহরণ দিলেই খুব সহজেই বোঝা যাবে। এখানকার ট্রেনি অর্পিতা নস্করের কথাই ধরা যাক। সাধারণ গ্র্যাজুয়েট। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR) ট্রেনিং নেওয়ার জন্য এই প্রতিষ্ঠানে ঠিক ৭ মাস আগে ভর্তি হয়। কোনো ইন্টার্নশিপ না করেই, আজকে মাসে ১৮,০০০টাকা মাইনের চাকরি করছে সে। ৬ মাস পরে তার পে-প্যাকেজ হবে মাসে ২৫,০০০ টাকা - ৩০,০০০ টাকা। অর্থাৎ, এখানকার ট্রেনিং নিলে, তার কেরিয়ার যে খুব ভালোভাবে শুরু হবে — তা একপ্রকার সুনিশ্চিত। (৬) এই ট্রেনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন ইন্টারভিউ নেওয়া, ওয়ার্কফোর্স ম্যানেজমেন্ট টেকনিক, এমপ্লয়ি পারফরম্যান্স ম্যানেজমেন্ট, অ্যাটেনডেন্স ম্যানেজমেন্ট, সিলেকশন অ্যান্ড রিক্রুটমেন্ট ম্যানেজমেন্ট, পারফরম্যান্স অ্যান্ড কমপেনশেসন ম্যানেজমেন্ট-এর ওপর আলাদাভাবে ক্লাস নেওয়া হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা MNC কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) এছাড়াও, আমাদের ট্রেনিংয়ে **ESI, PF, Gratuity** ও **Updated Labour Laws**-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা এইসব ব্যাপারে খুবই দক্ষ থাকে — যা তাঁদেরকে প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ফলে প্রথম থেকেই তাঁদের কাছে ভালো পে-প্যাকেজ পাওয়ার সুযোগ থাকবে। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি চাকরি অ্যাপয়েন্টমেন্ট লেটার হাতে পায়। (৮) এখানে সেরা সেরা HR Manager-রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা **HR Executive** হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে খুব সহজেই প্রতিষ্ঠিত করতে পারে। (১০) একমাত্র এখানেই 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের 'অ্যাকসেপ্টেন্স' অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে। (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তাই গ্র্যাজুয়েশন (বয়স ৩০ বছরের মধ্যে) পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 অথবা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

> **পূর্ব ভারতের অন্যতম সেরা এই প্রতিষ্ঠান থেকে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি। প্রতি ৬ মাস অন্তর এখান থেকে চাকরি পাচ্ছেন ৫০০ থেকে ৮০০ জন।**

আধুনিক দক্ষতায় অ্যালায়েড হেলথ প্রফেশনালদের গড়ে তোলে : স্কুল অফ মেডিকেল টেকনোলজি

দীনেশ নস্কর, কলকাতা : ১৯৯২ সালে পশ্চিমবঙ্গের কলকাতায় 'স্কুল অফ মেডিকেল টেকনোলজি' (SSMT)-র যাত্রা শুরু হয়। সেই সময়ে, ঐতিহাসিক 'স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন'-এর পাশাপাশি এই অঞ্চলে প্যারামেডিক্যাল কোর্স প্রদানকারী হাতেগোনা কয়েকটি প্রতিষ্ঠানের মধ্যে এটি ছিল অন্যতম। গত তিন দশকে প্রতিষ্ঠানটি 'অ্যালায়েড হেলথ' বা সহযোগী স্বাস্থ্যসেবা শিক্ষার একটি প্রধান কেন্দ্রে পরিণত হয়েছে; ৩০,০০০-এরও বেশি শিক্ষার্থী তাদের সফল কর্মজীবন শুরুর জন্য SSMT-কে বেছে নিয়েছেন। বর্তমানে এর প্রাক্তন শিক্ষার্থীরা ভারতের বিভিন্ন শীর্ষস্থানীয় সরকারি ও বেসরকারি হাসপাতালে কর্মরত আছেন।

দক্ষতা উন্নয়নে সরকারের বিশ্বস্ত সহযোগী : এর উৎকর্ষের স্বীকৃতিস্বরূপ, ভারত সরকার ও বিভিন্ন রাজ্য সরকার গুরুত্বপূর্ণ দক্ষতা প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নের জন্য এই প্রতিষ্ঠানের ওপর আস্থা রেখেছে।

• **২০০৩-বর্তমান:** সহযোগী স্বাস্থ্যসেবা বিষয়ক দক্ষতা প্রশিক্ষণের জন্য একাধিক মন্ত্রণালয়ের সঙ্গে অংশীদারিত্ব।

• **২০১৫-বর্তমান:** দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা বিষয়ক মন্ত্রণালয়ের (Ministry of Skill Development and Entrepreneurship) অধীনস্থ 'ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন' (NSDC)-এর আনুষ্ঠানিক সহযোগী হিসেবে কার্যক্রম পরিচালনা।

শিক্ষাগত অংশীদারিত্ব ও বর্তমান ক্যাম্পাসসমূহ : শিক্ষাগত অংশীদারিত্বের ক্ষেত্রে SSMT-র রয়েছে সমৃদ্ধ ইতিহাস ও প্রতিষ্ঠানটি ক্রমাগত তার কার্যক্রমের পরিধি বিস্তার করে চলেছে:

• **ঐতিহাসিক অংশীদারিত্ব:** রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের 'অ্যাডাল্ট এডুকেশন' বিভাগ (২০০৩,২০০৭) ও আলিয়া বিশ্ববিদ্যালয়ের 'সেন্টার ফর ভোকেশনাল স্টাডিজ' (২০০৮,২০১৭)-এর সহযোগিতায় ডিপ্লোমা-স্তরের প্যারামেডিক্যাল কোর্স পরিচালনা।

• **কল্যাণী ক্যাম্পাস (নদিয়া):** কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কোর্সসমূহ এখানে পড়ানো হয়।

• **কলকাতা ক্যাম্পাস:** পাঞ্জাবের সরকারি বিশ্ববিদ্যালয় 'বাবা ফরিদ ইউনিভার্সিটি অফ হেলথ সায়েন্সেস' (BFUHS) ও 'ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন' (IMA)-এর অধিভুক্ত 'অ্যালায়েড হেলথ প্রফেশনাল' কোর্সসমূহ এখানে পড়ানো হয়।

নতুন NCAHP নির্দেশিকা কঠোরভাবে অনুসরণ : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ 'ন্যাশনাল কমিশন ফর অ্যালায়েড অ্যান্ড হেলথকেয়ার প্রফেশনস' (NCAHP)-এর নিয়মাবলী ২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে পূর্ণাঙ্গভাবে কার্যকর হতে চলেছে; এমতাবস্থায় SSMT সমস্ত বাধ্যতামূলক নিয়ম ও প্রবিধান কঠোরভাবে মেনে চলছে। প্রতিষ্ঠানের নিয়ম-কানুন মেনে চলার বিষয়টি NCAHP-র অফিসিয়াল পোর্টালে যাচাই করা সম্ভব।

শিক্ষার্থীদের জন্য জরুরি পরামর্শ: যেকোনো স্বাস্থ্যসেবা শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির আগে, প্রত্যেক আগ্রহী শিক্ষার্থীর উচিত যাচাই করে নেওয়া যে সংশ্লিষ্ট কলেজটি সর্বশেষ NCAHP নির্দেশিকা কঠোরভাবে মেনে চলছে কি না। তাই বিগত ৩২ বছর ধরে এই প্রতিষ্ঠান থেকে পাশ করা ছাত্রছাত্রীরা বিভিন্ন হাসপাতাল ও Diagnostic Centre-এ কর্মরত। 2025-27 সালে শিক্ষাবর্ষে নিম্নলিখিত কোর্সে ভর্তি চলছে—

ডিপ্লোমা কোর্স : যোগ্যতা- যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ। Duration : ২ বছর + ৬ মাস ইন্টার্নশিপ। (১) মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি, (২) অপারেশন থিয়েটার টেকনোলজি, (৩) ফিজিওথেরাপি টেকনোলজি, (৪) রেডিওলজি অ্যান্ড ইমেজিং টেকনোলজি। (৫) অপ্টোমেট্রি।

সার্টিফিকেট কোর্স : যোগ্যতা- মাধ্যমিক/সমতুল্য। Duration- ৬ মাস। (১) অ্যাসিস্ট্যান্ট জিডিএ ক্রিটিক্যাল কেয়ার (Nursing), (২) মেডিকেল ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট- কোর্স ফি আপনার সাধ্যের মধ্যে।

বি.ভোক (B.Voc.) : এই কোর্সটি বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনে। যোগ্যতা- যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ। Duration- ৩ বছর। (১) মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি, (২) হেলথ কেয়ার।

যোগাযোগ : স্কুল অফ মেডিকেল টেকনোলজি, ২৪ গিরিশচন্দ্র বোস রোড, এন্টালি, কলকাতা- ৭০০০১৪। মোবাইল : 9231520480, 9874760012, 033-222 72 310. Website : www.ssmtskill.com

রেলের ক্যাটেরিং সার্ভিসে

১ পাতার পর

হসপিটালিটি অ্যান্ড হোটেল অ্যাডমিনিস্ট্রেশন, হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটেরিং সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বি.বি.এ. /এম.বি.এ. (কুলিনারি আর্টস), এম.বি.এ. (ট্যুরিজম অ্যান্ড হোটেল ম্যানেজমেন্ট) কোর্স পাশরাও যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে এম.এস. অফিস সফটওয়্যারে দক্ষতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১-৯-২০২৬'এর হিসাবে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। ১ বছরের অভিজ্ঞতা থাকলে বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে আর ২ বছরের অভিজ্ঞতা থাকলে বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৩০,০০০ টাকা। ডিউটি টাইমের পর অতিরিক্ত কাজ করলে দৈনিক ৩৫০ টাকা (টাইম অনুযায়ী) ভাতা পাবেন। রাতে থাকতে হলে লজিং বাবদ ২৪০ টাকা, ন্যাশনাল হলিডে বাবদ ৩৮৪ টাকা আর মেডিক্যাল ভাতা মাসে ১,৪০০-২,০০০ টাকা পাবেন। শূন্যপদ : ২২টি। ২ বছরের চুক্তিতে নেওয়া হবে। প্রয়োজনে আরো ১ বছর বাড়ানো হতে পারে। চাকরি হতে পারে ওড়িশা, ছত্তিশগড়, আন্ধ্র প্রদেশ, তেলেঙ্গানা বা, মহারাষ্ট্রে। এই পদের বিজ্ঞপ্তি নং : 2026/IRCTC/HRD/SCZ/Rectt-1/Hospitality Monitors (Fixed Term Contract), Dated: 16.09.2026.

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ভুবনেশ্বর ও হায়দরাবাদে। তখন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের মূল ও এক সেট জেরক্স কপি আর ২ কপি পাশপোর্ট মাপের ফটো। কবে, কোথায় ইন্টারভিউ হবে : (1) IRCTC, Regional Office, Gate-1, Tower-1, Ground Floor, NBCC Imperia, Near New Govt Colony, Press Square, Bhubaneswar-751 017. ইন্টারভিউ হবে ৫ অক্টোবর। (2) IRCTC Ltd, 1st Floor, Oxford Plaza, Sarojini Devi Road, Secunderabad-500 003. ইন্টারভিউ হবে ৮ অক্টোবর।


কর্মী চাই -সোদপুরে


৪৪ বছরের পুরনো ISO Registered Co-র ম্যানুফ্যাকচারিং ইউনিটে কাজের জন্য কর্মী চাই।
যোগ্যতা : ITI (Exp/Fresher)
ওয়েল্ডার/ফিটার পদে
থাকা-খাওয়া, ESI, P.F. আছে
বায়োডাটা W.app করুন এই নম্বরে
9831048633

আলামিন ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেড
বাদুড়িয়া, উঃ ২৪ পরগনা
পদ : অ্যাকাউন্ট্যান্ট (উত্তর ২৪ পরগনা);
যোগ্যতা : গ্র্যাজুয়েশন + ট্যালি প্রাইম (GST সহ + পূর্ব অভিজ্ঞতা (ন্যূনতম ৩ বছর)।
বেতন : মাসে ২০,০০০ টাকা।
আগ্রহী ছেলে-মেয়েরা বায়োডাটা/CV তাড়াতাড়ি পাঠান।
M: +91 6297849030

গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন
৪ অক্টোবর হওয়া
মিসলেনিয়াস পরীক্ষা
ক্র্যাক করতে আজই কিনুন
সাফল্য সাধারণ জ্ঞান
চাকরির পরীক্ষার একমাত্র ম্যাগাজিন
6291684943


ছায়া প্রকাশনী
Jobsite learning
CAREER BOOKS
সরকারি চাকরির দরকারি বই
2026-27 Edition






Competitive
English Challenger
for Preliminary + Mains Exams.
with 100% Solution


Competitive
History Challenger
ভারতের ইতিহাস | ভারতের স্বাধীনতা সংগ্রাম | ভারতের শিল্প ও সংস্কৃতি






Upper Primary
TET Challenger
Social Studies / Social Science
Mathematics & Science

Primary TET Challenger
3 in 1
Study Mat
Exam-type Practice Sets
Previous TET Papers





Railway Complete Challenger • Book 1
CBT1 + CBT2 + CBAT
for all RRB Examinations

Railway Complete Challenger • Book 2
100% Solution with Tricks
50 + 50 PYQ Papers

Buy CHHAYA BOOKS online at www.chhaya.co.in

NIHT-র মেগা জব ফেয়ারে

১ পাতার পর

এমন রিক্রুটারদের সঙ্গে সরাসরি যোগাযোগ তৈরি করাই ছিল এই জব ফেয়ার-এর মূল উদ্দেশ্য। অংশগ্রহণকারী সংস্থাগুলির পক্ষ থেকে 'ওয়াক-ইন-ড্রাইভ'এর মাধ্যমে ১৭০ জনের ওপর ছেলেমেয়েকে শর্টলিস্ট করা হয়। আর Job Fair'এর মাধ্যমে ৬৫ জন ছেলেমেয়ে সরাসরি 'প্লেসমেন্ট' পান। বিভিন্ন পদ ও অভিজ্ঞতা অনুযায়ী মাসে ১৫,০০০ টাকা থেকে ৫০,০০০ টাকা পর্যন্ত মাইনের প্যাকেজ অফার করা হয়েছে। এই Job Fair-এ Adbuffs, Digital Wolves, Lee Nee, Viacon, Purpple Designs, Scaling Wolves, Kreative Machines, Comval IT ও Brands2Be-র মতো শীর্ষস্থানীয় সংস্থাগুলি অংশগ্রহণ করে। NIHT Digital Marketing Institute এক ডিজিটাল মার্কেটিং প্রশিক্ষণ প্রতিষ্ঠান। ডিজিটাল অর্থনীতিতে কেরিয়ার গড়ার জন্য ছেলেমেয়ে ও পেশাজীবীদের তৈরি করে। সংস্থার প্রতিষ্ঠাতা তথা ম্যানেজিং ডিরেক্টর অংশুমান শেঠ জানান, "NIHT সময়ের সঙ্গে ডিজিটাল শিক্ষার পদ্ধতিকে ইন্ডাস্ট্রির পরিবর্তিত করেছে। এখানের শিক্ষা ও কর্মসংস্থানের ওপর বিশেষ গুরুত্ব সঙ্গে ডিজিটাল টুল, প্ল্যাটফর্ম দক্ষতার যুক্ত করে। ডিজিটাল সোশ্যাল মিডিয়া আর ওয়ার্কফ্লোতে সরাসরি দক্ষতা তৈরির ওপর বিশেষ জোর দেওয়া হয়। এখানে ডিজিটাল মার্কেটিংয়ের Certificate, Premier ও Master Programme কোর্স পড়ানো হয়। এর অন্যতম প্রধান Master Program in Digital Marketing, Generative AI Agentic AI (MPDM)। এই ৩ গুরুত্বপূর্ণ দক্ষতার ক্ষেত্রকে একসঙ্গে করে Create, Market, Automate। এই প্রোগ্রামের মাধ্যমে এমন পেশাদার তৈরি করার ওপর গুরুত্ব দেওয়া হয়, যারা ডিজিটাল মার্কেটিং স্ট্র্যাটেজি, কনটেন্ট তৈরি, ভিজ্যুয়াল স্টোরিটেলিংয়ের পাশাপাশি AI-নির্ভর অটোমেশন ও নতুন Agentic AI Workflow-র ক্ষেত্রে কাজ করতে পারবেন।"



অংশুমান শেঠ
ফাউন্ডার কাম
ম্যানেজিং ডিরেক্টর
NIHT

এই Job Fair'এর মাধ্যমে ৬৫ জন ছেলেমেয়ে দেশের শীর্ষস্থানীয় ডিজিটাল ও আইটি সংস্থায় মাসে ১৫,০০০/-—৫০,০০০/- টাকা পে-প্যাকেজের চাকরি পেয়ে নজির সৃষ্টি করল।



মেগা জব ফেয়ারে প্রার্থীদের ইন্টারভিউ চলছে

NIHT Google Ads, Meta Ads, SEO, Social Media Marketing, Content Marketing, Analytics, Branding, Generative AI, Agentic AI এবং Digital Marketing Strategy-এর মতো বিভিন্ন ক্ষেত্রে ট্রেনিং দেওয়া হয়। যার মাধ্যমে ছেলেমেয়েরা বর্তমান ইন্ডাস্ট্রির চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ একটি দক্ষতা অর্জনের সুযোগ পায়। **ইন্ডাস্ট্রি-রেডি ট্যালেন্ট পুল তৈরি :** NIHT Job Fair প্রতিষ্ঠানটির ইন্ডাস্ট্রি-কেন্দ্রিক শিক্ষার পদ্ধতিরই একটি গুরুত্বপূর্ণ অংশ। প্রচলিত প্লেসমেন্ট পদ্ধতির মধ্যে সীমাবদ্ধ না থেকে এই উদ্যোগের মাধ্যমে ছেলেমেয়েরা ও রিক্রুটার সংস্থাগুলিকে একটি সাধারণ প্ল্যাটফর্মে নিয়ে আসা হয়। এর ফলে প্রার্থীরা সরাসরি বিভিন্ন সংস্থার সঙ্গে যোগাযোগ করতে আর বাস্তব কর্মসংস্থানের সুযোগ সম্পর্কে জানতে পারেন। NIHT 'র এই উদ্যোগ রাজ্যের পিছিয়ে থাকা জব ইন্ডাস্ট্রিকে যে বিশেষভাবে প্রভাবিত করবে তা আর বলার অপেক্ষা রাখে না। একথা নিঃসন্দেহে বলা যায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট যোগ্যতা থাকলে আজকের দিনে দাঁড়িয়ে মাসে ১৫,০০০/-- ২০,০০০/-টাকার মাইনের চাকরি, শুধুমাত্র ৬ থেকে ৯ মাসের ট্রেনিংয়ে যে খুব সহজেই পাওয়া যায় তা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিল এই মেগা জব ফেয়ার। এই ধরনের স্পেশালাইজড চাকরি কিভাবে পাব, আর ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং নেব, সেই ব্যাপারে বিশদে জানতে নির্দ্বিধায় যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

রেলে ৫৯০ প্যারামেডিক্যাল কর্মী

১ পাতার পর

ফার্মাসিস্ট, রেডিওগ্রাফার এক্স-রে টেকনিশিয়ান, অপ্টোমেট্রিস্ট, ই.সি.জি. টেকনিশিয়ান, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।।পদে ৫৯০ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কোন পদের জন্য কারা আবেদনের যোগ্য :

ক্যাটগেরি নং ১: নার্সিং সুপারিন্টেন্ডেন্ট : জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্স পাশরা নার্স হিসাবে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। দৃষ্টিশক্তি দরকার C-1. বয়স হতে হবে ২০ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০ টাকা। শূন্যপদ : **(1) RRB Kolkata** – ER : 40 (UR : 8, SC : 13, ST : 06, OBC : 7, EWS : 6); SER : 33 (UR : 16, SC : 7, ST : 6, OBC : 2, EWS : 2), Metro : 1 (OBC), **(2) RRB Siliguri** – NFR : 16 (UR : 7, SC : 2, ST : 1, OBC : 4, EWS : 2), **(3) RRB Malda** – ER : 14 (UR : 6, SC : 4, ST:1, OBC : 2, EWS : 1), SER : 4 (UR-2, SC-1, OBC-1). **RRB Patna** – ECR: 9 (UR : 1, SC : 3, ST:2, OBC : 3), RWP : 1 (UR). **RRB Ranchi** – ECR: 9 (UR : 4, SC : 1, ST:1, OBC : 3), SER 4 (UR-1, SC-1, ST-1). **RRB Bhubaneswar** – ECoR: 4 (UR : 2, ST:1, OBC : 1). **RRB Guwahati** – NFR: 18 (UR : 8, SC : 3, ST:2, OBC : 4, EWS : 1).

ক্যাটেগরি নং ৩ : হেলথ অ্যান্ড ম্যালেরিয়া ইন্সপেক্টর গ্রেড-।। : কেমিস্ট্রি প্রধান বিষয় বা, ঐচ্ছিক বিষয় হিসাবে নিয়ে বি.এসসি. কোর্স পাশরা কোনো স্বীকৃত ইনস্টিটিউট থেকে হেলথ /স্যানিটরি ইন্সপেক্টরের ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ কিংবা হেলথ /স্যানিটরি ইন্সপেক্টরের ১ বছরের ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট কোর্স পাশরা C-1 দৃষ্টিশক্তি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০ টাকা। শূন্যপদ : **(1) RRB Kolkata** – ER : 8 (UR : 5, ST : 01, OBC : 1, EWS : 1), CLW : 2 (UR), **(2) RRB Siliguri** – NFR : 1 (UR), **(3) RRB Malda** – ER : 01 (UR). **RRB Patna** – ECR: 1 (ST). **RRB Guwahati** – NFR: 2 (SC : 1, OBC : 1).

ক্যাটেগরি নং ৮: অপ্টোমেট্রিস্ট : অপ্টোমেট্রির বি.এসসি. কোর্স পাশ বা, অপথ্যালমিক টেকনিশিয়ানের ডিপ্লোমা কোর্স পাশরা ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে বয়স ও B-1 দৃষ্টিশক্তি থাকলে আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট কাউন্সিল বা, লাইসেন্সিং বডিতে নাম নথিভুক্ত থাকতে হবে। মূল মাইনে : ২৫,৫০০ টাকা। শূন্যপদ : **RRB Patna** – ECR: 2 (UR : 1, SC : 1).

ক্যাটেগরি নং ৫: ফার্মাসিস্ট : ফার্মাসি (অ্যালোপ্যাথিক)-এর ডিগ্রি কোর্স পাশ আর C-2 দৃষ্টিশক্তি থাকলে আবেদন করতে পারেন। ফার্মাসি কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০ টাকা। শূন্যপদ : **(1) RRB Kolkata** – ER : 9 (UR : 5, ST: 02, OBC : 1; EWS : 1), CLW : 1 (UR), **(2) RRB Siliguri** – NFR : 2 (UR : 1, OBC : 01), **(3) RRB Malda** – ER : 8 (UR : 3, SC : 2, ST-1, OBC-1, EWS-1), SER-1 (UR). **(4) RRB Ranchi** – ECR : 4(UR : 2, SC : 1, OBC-1), SER 4 (UR-3, OBC-1). **RRB Bhubaneswar** – ECoR : 1 (UR). **(5) RRB Guwahati** – NFR : 6(UR :3, ST-2, EWS-1). **RRB Patna** – ECR : 6 (SC-3, ST-1, OBC-1, EWS-1).

ক্যাটেগরি নং ৬: রেডিওগ্রাফার এক্স-রে টেকনিশিয়ান : ফিজিক্স ও কেমিস্ট্রি অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা রেডিওগ্রাফি /এক্স-রে টেকনিশিয়ান / রেডিও ডায়াগনসিস টেকনোলজি (২ বছর)'র ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। সায়েন্স শাখার গ্র্যাজুয়েটরা রেডিওগ্রাফি /এক্স-রে টেকনিশিয়ান / রেডিও ডায়াগনসিস টেকনোলজির (২ বছর) ডিপ্লোমা কোর্স পাশ হলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৯ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার B-1. মূল মাইনে : ২৯,২০০ টাকা। শূন্যপদ : **RRB Kolkata** – ER : 1 (UR), SER -2 (UR-1, ST-1). **RRB Patna** – ECR : 1 (UR).

ক্যাটেগরি নং ৭: ই.সি.জি. টেকনিশিয়ান : সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ বা, ডিগ্রি কোর্স পাশরা ই.সি.জি. ল্যাবরেটরি টেকনোলজি, কার্ডিওলজি, কার্ডিওলজি টেকনিশিয়ান, কার্ডিওলজি টেকনিক্সের সার্টিফিকেট, ডিপ্লোমা বা, ডিগ্রি কোর্স পাশ হলে আর C-1 দৃষ্টিশক্তি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০ টাকা। শূন্যপদ : **RRB Guwahati**– NFR : 1 (UR).

ক্যাটেগরি নং ৯ : ল্যাব অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।। : সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ আর B-1 দৃষ্টিশক্তি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,৭০০ টাকা। শূন্যপদ : **RRB Kolkata** – ER : 1 (UR). **RRB Patna** – ECR : 1 (UR). **RRB Guwahati** – NFR : 2 (OBC).

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১-২০২৭'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা, প্রতিবন্ধী আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিস্তৃপ্তি নং Centralised Employment Notice No. CEN 05/2026.

প্রার্থী বাছাই পরীক্ষা : সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য অনলাইন সি.বি.টি. টেস্ট হবে। কম্পিউটার বেসড টেস্টে **১০০ নম্বরের ১০০টি** অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) পেশাগত এবিলিটি -৭০ নম্বরের ৭০টি প্রশ্ন, (২) জেনারেল অ্যাওয়ারনেস - ১০ নম্বরের ১০টি প্রশ্ন, (৩) জেনারেল সায়েন্স- ১০ নম্বরের ১০টি প্রশ্ন, (৪) জেনারেল অ্যারিথমেটিক, জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং -১০ নম্বরের ১০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এই পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৪০%, ও.বি.সি.'রা ৩০%, তপশিলী জাতির প্রার্থীরা ৩০%, তপশিলী উপজাতির প্রার্থীরা ২৫% নম্বর পেলে সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা হবে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরেজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদা, রাঁচী ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়। ই-অ্যাডমিট কার্ড পরীক্ষার আগে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। তখন পরীক্ষা দেওয়ার সময় ফটো আই.ডি. হিসাবে ভোটার কার্ড, আধার কার্ড, ড্রাইভিং লাইসেন্স, প্যান কার্ড, পাশপোর্ট, শিক্ষা প্রতিষ্ঠানের আই.ডি. কার্ড নিয়ে যেতে হবে।

পরীক্ষা হবে যে রেল রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করবেন, সেই বোর্ডের শহরের বিভিন্ন স্কুল-কলেজে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ অক্টোবরের মধ্যে। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। তখন পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। সি.বি.টি. পরীক্ষা দিলে ৪০০ টাকা (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা ফেরৎ পাবেন। কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় কোন ওয়েবসাইটে দরখাস্ত করবেন : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in, মালদহ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmalda.gov.in, শিলিগুড়ি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsiliguri.gov.in, রাঁচি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbranchi.gov.in, পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbpatna.gov.in, গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbguwahati.gov.in, আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbahmedabad.gov.in, আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbajmer.gov.in, বেঙ্গালউরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbnc.gov.in, ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbbs.gov.in, বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbilaspur.gov.in, চণ্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbcdg.gov.in, চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbchennai.gov.in, গোরক্ষপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbgkp.gov.in, জম্মু-শ্রীনগর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbjammu.nic.in, মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmumbai.gov.in, মজঃফরপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmuzaffarpur.gov.in, সেকেন্দ্রাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsecunderabad.gov.in, তিরুবনন্তপুরম রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbthiruvananthapuram.gov.in. প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbald.gov.in দরখাস্ত এডিট করতে পারবেন ১৭ সেপ্টেম্বর থেকে ২৬ সেপ্টেম্বর পর্যন্ত।

কেন্দ্রে ৪৮০ ইঞ্জিনিয়ার

১ পাতার পর

জন্য আবেদন করতে পারেন।

ওয়্যারলেস কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, রেডিও ফিজিক্স বা, রেডিও ইঞ্জিনিয়ারিং প্রধান বিষয় হিসাবে নিয়ে এম.এসসি. কোর্স পাশ হলে শুধুমাত্র ইন্ডিয়ান রেডিও রেগুলেটরি সার্ভিসের জন্য যোগ্য। ফিজিক্স ও রেডিও কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স বা, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের এম.এসসি. কোর্স পাশরাও যোগ্য।

এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১-১-২০২১'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২১-৯৭ থেকে ১-১-২০০৬এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শূন্যপদ : ৪৮০টি।

চাকরি হবে এইসব ক্যাডারে : (ক) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে : (১) সেন্ট্রাল ইঞ্জিনিয়ারিং সার্ভিস, (২) সেন্ট্রাল ইঞ্জিনিয়ারিং সার্ভিস (রোডস), (৩) এ.ই.ই. (সিভিল) বর্ডার রোডস অর্গানাইজেশন। (৪) ইন্ডিয়ান সিল্ক ডেভেলপমেন্ট সার্ভিস, (৫) এ.ই.ই. (কিউ.এস. অ্যান্ড সি) এম.ই.এস. সার্ভেয়র ক্যাডার, (৭) সেন্ট্রাল ওয়াটার ইঞ্জিনিয়ারিং সার্ভিস।(৮) ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস, (৯) ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস (স্টোর)। (১০) ইন্ডিয়ান ডিফেন্স সার্ভিস।

(খ) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে : (১) এ.ই.ই. জি.এস.আই. ইঞ্জিনিয়ারিং সার্ভিস, (২) ইন্ডিয়ান ন্যাভাল মেটেরিয়াল ম্যানেজমেন্ট সার্ভিস। (৩) ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস, (৪) ডিফেন্স অ্যারোনটিক্যাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সার্ভিস, (৫) ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস (স্টোর), (৬) ইন্ডিয়ান ডিফেন্স সার্ভিস, (৭) এ.ই.ই. গ্রেড-এ সার্ভিস। (৮) ইন্ডিয়ান ন্যাভাল আর্মামেন্ট সার্ভিস, (৯) সেন্ট্রাল ওয়াটার ইঞ্জিনিয়ারিং সার্ভিস, (১০) সেন্ট্রাল ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং সার্ভিস, (১১) সেন্ট্রাল পাওয়ার ইঞ্জিনিয়ারিং সার্ভিস।

(গ) ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে : (১) সেন্ট্রাল ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং সার্ভিস, (২) ইন্ডিয়ান ন্যাভাল মেটেরিয়াল ম্যানেজমেন্ট সার্ভিস, (৩) সেন্ট্রাল পাওয়ার ইঞ্জিনিয়ারিং সার্ভিস, (৪) ডিফেন্স অ্যারোনটিক্যাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সার্ভিস, (৫) ইন্ডিয়ান স্কিল ডেভেলপমেন্ট সার্ভিস, (৬) ইন্ডিয়ান ডিফেন্স সার্ভিস, (৭) ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস, (৮) ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস (স্টোর্স), (৯) ইন্ডিয়ান ন্যাভাল আর্মামেন্ট সার্ভিস।

(ঘ) ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে : (১) ইন্ডিয়ান টেলিকমিউনিকেশন সার্ভিস, গ্রুপ-এ, (২) ইন্ডিয়ান ন্যাভাল আর্মামেন্ট সার্ভিস, (৩) ইন্ডিয়ান ন্যাভাল মেটেরিয়াল ম্যানেজমেন্ট সার্ভিস, (৪) জুনিয়র টেলিকম অফিসার গ্রেড-বি, (৫) ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস (স্টোর্স), (৬) ইন্ডিয়ান রেডিও রেগুলেটরি সার্ভিস, গ্রুপ-এ। (৭) ইন্ডিয়ান স্কিল ডেভেলপমেন্ট সার্ভিস, (৮) ইন্ডিয়ান এন্টারপ্রাইজেস ডেভেলপমেন্ট সার্ভিস, (৯) ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস, (১০) সেন্ট্রাল পাওয়ার ইঞ্জিনিয়ারিং সার্ভিস।

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন।' ২০২৭ সালের ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস পরীক্ষা'র মাধ্যমে। প্রথমে অবজেক্টিভ টাইপের প্রিলিমিনারি পরীক্ষা হবে ৩১ জানুয়ারি। এইসব কেন্দ্রে : কলকাতা, কটক, দিল্লি , দিসপুর (গুয়াহাটি), পটনা, রাঁচী, গ্যাংটক, আগরতলা, শিলং। অবজেক্টিভ টাইপের পার্টে থাকবে দু'টি পেপার। প্রথম পেপারে থাকবে : (১) জেনারেল স্টাডিজ অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অ্যাপ্টিটিউড।,২০০ নম্বরের ২ ঘন্টার পরীক্ষা। (২) সিভিল/মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল / ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং। ৩০০ নম্বরের ৩ ঘন্টার পরীক্ষা। অবজেক্টিভ টাইপের পার্টে নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

প্রিলি পরীক্ষায় কোয়ালিফাই করলে মোট শূন্যপদের ৬-৭ গুণ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হবে। মেন পরীক্ষা হবে ১৮ জুন। মেন পরীক্ষায় প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের এই দু'টি পেপারের : (১) সিভিল/ মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল / ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং পেপার-।, ৩০০ নম্বরের ৩ ঘন্টার পরীক্ষা। (২) সিভিল/ মেকানিক্যাল/ ইলেক্ট্রিক্যাল / ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং পেপার-।। ৩০০ নম্বরের ৩ ঘন্টার পরীক্ষা।

ইঞ্জিনিয়ারিংয়ের যে শাখায় দরখাস্ত করবেন সেই শাখায় পরীক্ষা দিতে হবে। সফল হলে ২০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।প্রথমে অবজেক্টিভ টাইপের পেপারের উত্তরপত্র দেখা হবে। সফল হলে ডেসক্রিপ্টিভ টাইপের উত্তরপত্র দেখা হবে।প্রতি বিষয়ে কোয়ালিফাইং নম্বর পেলেই সফল হবেন।এইপদের Examination Notice No. 02/2027-ENGG. Dated: 16.09.26. দরখাস্ত করবেন অনলাইনে, ৬ অক্টোবর পর্যন্ত, এই ওয়েবসাইটে : https://www.upsconline.nic.in অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার আগে পরীক্ষা ফী বাবদ ২০০ টাকা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে কিংবা ভিসা বা, মাস্টার ক্রেডিট /ডেবিট কার্ডে জমা দিতে পারবেন । তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান (৪০ কে.বি.'র বেশি হবে না, এর মধ্যে ফটো ৩০ কে.বি. ও সিগনেচার ১০ কে.বি. হতে হবে) করে নিয়ে যাবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে পার্ট-।ও পার্ট-।। রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

রেলে ৩,৪৭৭ স্টেশন মাস্টার, ক্লার্ক

১ পাতার পর

চিফ কমার্শিয়াল কাম টিকিট সুপারভাইজর : যে কোনো শাখার গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার B-2. বেসিক পে ৩৫,৪০০ টাকা।

স্টেশন মাস্টার : যে কোনো শাখার গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার A-2. বেসিক পে ৩৫,৪০০ টাকা।

গুডস ট্রেন ম্যানেজার : যে কোনো শাখার গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার A-2. বেসিক পে ২৯,২০০ টাকা।

জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট : যে কোনো শাখার গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-2. বেসিক পে ২৯,২০০ টাকা।

সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট : যে কোনো শাখার গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-2. বেসিক পে ২৯,২০০ টাকা।

ট্রাফিক অ্যাসিস্ট্যান্ট : যে কোনো শাখার গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার A-2. বেসিক পে ২৫,৫০০ টাকা।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১-২০২৭'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি. সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করলে ৩৫ (তপশিলী হলে ৪০, ও.বি.সি. হলে ৩৮) বছর বয়স পর্যন্ত আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। কোন রেল রিক্রুটমেন্ট বোর্ডে ক'টি শূন্যপদ তা মূল বিজ্ঞপ্তিতে পাবেন।

প্রার্থী বাছাই পরীক্ষা : সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের অনলাইন সি.বি.টি. টেস্ট হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট হবে আগামী বছরের প্রথম দিকে।

প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) অঙ্ক- ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।এই পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৪০%, ও.বি.সি.'রা ৩০%, তপশিলী জাতির প্রার্থীরা ৩০%, তপশিলী উপজাতির প্রার্থীরা ২৫ %নম্বর পেলে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাক পাবেন। মোট শূন্যপদের ১৫ গুণ প্রার্থীকে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাকা হবে।

দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টে ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) অঙ্ক - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। প্রতিবন্ধী প্রার্থীরা অতিরিক্ত ৩০ মিনিট সময় পাবেন। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদা, রাঁচী ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়।

দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় সফল হলে স্টেশন মাস্টার ও ট্রাফিক অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় কম্পিউটার বেসড অ্যাপ্টিটিউড টেস্ট হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা।

সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট ও জুনিয়র অ্যাকাউন্ট অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট পদের বেলায় দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় সফল হলে টাইপিং স্কিল টেস্ট হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা।

গুডস ট্রেন ম্যানেজার, চিফ কমার্শিয়াল কাম টিকিট সুপারভাইজর পদের বেলায় দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় সফল হলে সার্টিফিকেট ভেরিফিকেশন আর ডাক্তারি পরীক্ষা হবে।

অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে ৮ অক্টোবর থেকে, চলবে ৬ নভেম্বর পর্যন্ত। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন সংশ্লিষ্ট রেল রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে।

তুলসীর সরকারি চাকরির সেরা বই

- TULSHIR SSC TET HANDBOOK (Social Studies / Social Science) ₹ : 890
- TULSHIR UPPER PRIMARY TET PRACTICE SET (Arts) ₹ : 500
- TULSHIR SSC TET HANDBOOK (Science / Mathematics) ₹ : 890
- TULSHIR PRIMARY TET HANDBOOK ₹ : 700
- TULSHIR PRIMARY TET PRACTICE SET ₹ : 500
- তুলসীর পরিবেশবিদ্যা (পেডাগজি-সহ) ₹ : 400

Tulshi Publishing
9903210844 /8100480354

প্রতি ৩ মাসে কয়েকশো চাকরি দিয়ে অনন্য নজির গড়ল ডিসান অ্যাকাডেমি

পারমিতা মিত্র, সল্টলেক: রাজ্য জুড়ে যেখানে চাকরির উপযোগী ঠিকঠাক শিক্ষার ঘাটতি প্রকট, সেখানে যে সংস্থা গত কয়েক বছর ধরে আইটি বা সফটওয়্যার ক্ষেত্রে কয়েকশো চাকরি দিয়ে এক অনন্য নজির তৈরি করেছে— সেটি হল ডিসান অ্যাকাডেমি (Desun Academy)। সমাজের পিছিয়ে পড়া কিন্তু যোগ্য ছেলেমেয়েদের জন্য আশার আলো জ্বালিয়েছে এই সংস্থা। সাধারণভাবে উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা এখান থেকে ট্রেনিং নিয়ে আজকে দেশের নামি দামি আইটি ও সফটওয়্যার সংস্থায় মোটা পে-প্যাকেজে কর্মরত। কিভাবে এই অসম্ভবকে, সম্ভবে পরিণত করা গেল? উত্তরে সংস্থার সিইও অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন আমাদের প্রতিষ্ঠানের একটাই লক্ষ্য। যোগ্য কিন্তু ঠিকঠাক মতো সুযোগ পাচ্ছে না, এমন ছেলেমেয়েদের খুঁজে, তাদের চাকরির উপযোগী ট্রেনিং দিয়ে ভালো মাইনের প্লেসমেন্ট দেওয়া। এই উদ্দেশ্যেই ডিসান টেক ফাউন্ডেশন (Desun Tech Foundation)-এর পথ চলা শুরু। চাকরি মানুষ পায় দক্ষতা, আত্মবিশ্বাস ও ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং-এর মাধ্যমে। আজ এককথা নির্দ্বিধায় বলা যায় যে, এই সবকটি বিভাগেই, আমরা দেশের মধ্যে অন্যতম সেরা। তাই এখান থেকে পাশ করলে কেউ বসে থাকে না। একসঙ্গে ২ থেকে ৩টি অফার লেটার পায়। এটাই এখানকার ট্রেন্ড।' ডিজিটাল মার্কেটিং বিভাগে এখানকার ছেলেমেয়েদের সাফল্য প্রশ্নাতীত। কয়েকটি উদাহরণ দিলেই সহজেই তা বোঝা যাবে। এখানকার ছাত্র **অরূপপ্রিয় মণ্ডল**-এর কথাই ধরা যাক। টেকনো ইন্ডিয়া থেকে কম্পিউটার অ্যাপ্লিকেশন নিয়ে গ্র্যাজুয়েশন (বিসিএ) করার পরেও কোথাও কোনো চাকরি পাচ্ছিল না। নিজের ওপর বিশ্বাস হারিয়ে ফেলেছিল। এরকম অবস্থায় ডিসানে ভর্তি হয়। এখানে **MERN Stack** কোর্সে ভর্তি হয়। ৬ মাসের ট্রেনিং শেষে আজকে সে **TCS**-এ কর্মরত। এখন সে যা **হ্যান্ডসাম পে-প্যাকেজ** পাচ্ছে তা তার ব্যাচমেটদের মধ্যে কেউ পায় না। আবার, এখানকার আরেকজন ছাত্র **রবিকান্ত সিং-এর** কথা না বললেই নয়। সাধারণভাবে ইতিহাস নিয়ে আর্টস গ্র্যাজুয়েট পাশ করার পর, রবিকান্ত ২ বছর ধরে বিভিন্ন ধরনের কোর্স করে যখন চাকরি পাওয়ার আশা একদম ছেড়েই দিয়েছে, তখন সে ডিসানে আসে। এখানে ভর্তি হয় **Digital Marketing**-এ। কোর্স ছিল ৯ মাসের। বললে বিশ্বাস করবেন না, আজকে ছেলেটি একটি বহুজাতিক সংস্থায় বছরে ৩,০০,০০০ টাকা মাইনের চাকরি করছে। পরিষ্কার আইটিতে চাকরি পেতে বাধ্যবাধকতা নেই। **সুকন্যা পাল**, হসপিটাল করার পর এমবিএ ডিগ্রি অর্থাৎ একটা জিনিস গেলে ব্যাকগ্রাউন্ডের কোনো আবার এখানকার ছাত্রী ম্যানেজমেন্টে বিবিএ নিয়েও সবকটি চাকরির ইন্টারভিউতেই ব্যর্থ হয়। তারপর ভর্তি হয় ডিসানে। এখানে **হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR)** -এর ওপর ট্রেনিং ও ইন্টার্নশিপের পর আজকে মাসে হ্যান্ডসাম প্যাকেজ পাচ্ছে সে। এখানকারই আরেকজন ছাত্রী **কুহেলি দত্ত**। বি.টেক করে HR নিয়ে এমবিএ পাশ করার পরেও কোথাও ইন্টারভিউ ক্র্যাক করতে পারছিল না। তার জীবন তখন দুর্বিষহ হয়ে পড়েছিল। এরকম অবস্থায় ডিসান ইনস্টিটিউটের কথা জানতে পারে। এখানকার **HR ট্রেনিংয়ে** ভর্তি হওয়ার পর আজকে সে একটি বড় কোম্পানিতে ইন্টার্ন হিসাবে কর্মরত। স্টাইপেন্ড হিসাবে সে একটি **হ্যান্ডসাম প্যাকেজ পাচ্ছে।** এখানকারই ছাত্র **সুদীপ্ত পাল** এক অনন্য নজির তৈরি করেছে। এখান থেকে ট্রেনিং নিয়ে, আজকে বেঙ্গালুরুতে **Trainee Developer** হিসাবে বছরে ৬,০০,০০০ টাকার পে প্যাকেজ পাচ্ছে সে। আবার বি.টেক করার পর কোনো চাকরি না পেয়ে আত্মবিশ্বাস হারিয়ে ডিসানে কাউন্সেলিং করাতে এসেছিল **অমিত ব্যানার্জী**। এখান থেকে ট্রেনিং নিয়ে আজ বছরে ৩,৬০,০০০ টাকার প্যাকেজে কলকাতায় সফটওয়্যার কোম্পানিতে উচ্চ পদে কর্মরত। আবার বিগত কয়েক মাসে **দীপক মজুমদার** (জুনিয়ার UI/UX হিসাবে টেকসফট প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/- টাকা); **গোপাল বিশ্বাস** (জুনিয়ার ওয়েব ডিজাইনার হিসাবে ওয়ার্ল্ড ওয়াইড ইনফোটেক স্যালারি প্যাকেজ : ৩,৪০,০০০/- টাকা); **অর্ণব রায়** (জুনিয়ার গ্রাফিক্স ডিজাইনার হিসাবে টেকট্রি সিস্টেম প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/- টাকা); **শ্রেয়া রায়** (জুনিয়ার UI/UX হিসাবে সুইফ্‌ট প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/- টাকা)-এর মতো অনেকেই আছে, যাঁরা খুব সাধারণ যোগ্যতায় শুধুমাত্র ডিসানের ঠিকঠাক মত গাইডেন্স ও ট্রেনিংয়ের জোরে এখানে ভরতি হওয়ার ৬ থেকে ৯ মাসের মধ্যে চাকরি পাওয়ার স্বপ্ন সার্থক করে নামী সংস্থায় কর্মরত। ডিসান অ্যাকাডেমির এইরকম অজস্র সাফল্যের রহস্য কী? উত্তরে অর্ঘ্য জানালেন, '(১) এখানে ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রির সেরা সেরা প্রফেশনালসদের কাছ থেকে সরাসরি ট্রেনিং পায়, (২) প্রতিটি কোর্সের শেষে থাকে পেইড ইন্টার্নশিপ, (৩) এই প্রতিষ্ঠান চাকরির আশ্বাস নয় — গ্যারান্টি দেয়। তাই এখানে ভর্তির সময় সরাসরি বলে দেওয়া হয় আপনার কমিটমেন্ট থাকলে, চাকরি না পেলে মানিব্যাক গ্যারান্টি দেওয়া হবে, (৪) এখানে সমাজের পিছিয়ে পড়া কিন্তু যোগ্য ছেলেমেয়েদের জন্য স্কলারশিপের ব্যবস্থা আছে। এই স্কলারশিপ দেওয়া হয় ডিসান টেক ফাউন্ডেশন (Desun Tech Foundation) এর তরফ থেকে, (৫) AI বেসড আপডেটেড ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড কোর্স কারিকুলাম, (৬) এখানে সফটস্কিলের ওপর আলাদাভাবে গুরুত্ব দেওয়া হয়। তাই মক ইন্টারভিউ সেশন, প্রফেশনাল CV লেখা ও রিভিউ, LinkedIn ও অন্যান্য জব পোর্টাল প্রোফাইল বিল্ডআপ, কমিউনিকেশন স্কিল ও পার্সোনালিটি ডেভেলপমেন্টের ওপর আলাদা আলাদা ক্লাস নেওয়া হয়।' জি২৪ ঘন্টার, 'এক্সিলেন্স ইন হাই পে ইন জব ইন আইটি অ্যাকাডেমি' পুরস্কার বা টিভি৯ বাংলা থেকে 'ব্র্যান্ডস অফ বেঙ্গল এক্সিলেন্স ইন জব ওরিয়েন্টেড স্কিল বেসড এডুকেশন' বা 'বেঙ্গল বিজনেস এক্সিলেন্স অ্যাওয়ার্ড - এক্সিলেন্স ইন ট্রেনিং অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট' এর মতো প্রথম সারির পুরস্কার পাওয়া এই প্রতিষ্ঠান আজ দেশের মধ্যে আইটি ও সফটওয়্যার ক্ষেত্রে ট্রেনিং প্রোভাইডার হিসাবে অন্যতম সেরা। উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ করে যাঁরা বসে আছেন, বা যাঁরা ভাবছেন তাঁদের দ্বারা কিছু হবে না বা পয়সার অভাবে যাঁরা কি করবেন ভেবে পাচ্ছেন না, তাঁরা সময় নষ্ট না করে সুনিশ্চিত চাকরি পেয়ে নিজের পায়ে দাঁড়াতে আজই ডিসান অ্যাকাডেমির সঙ্গে যোগাযোগ করুন এই নম্বরে ফোন করুন : 9429691888.

> সমাজে পিছিয়ে পড়া, কিন্তু যোগ্য ছেলেমেয়েদের নিয়ে অনন্য নজির তৈরি করা এই সংস্থায় ট্রেনিং নিলে চাকরি পাবেনই।

স্কুল সার্ভিসের

■ *বি.টেক. পাশ করেছি। আপার প্রাইমারি 'টেট' দিতে পারব কি? 'টেট'এ কম্পিউটার সায়েন্স বিষয়ের পরীক্ষা দিতে পারব কি? — তপন বাড়ুই, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ বি.টেক. পাশরা বি.এড. করে থাকলে আপার প্রাইমারি টিচার পদের 'টেট' দিতে পারবেন। 'টেট'এ পরীক্ষা দিতে হবে এইসব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট ও পেডাগগি - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। (২) প্রথম ভাষা পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন (প্রশ্ন হবে গ্রামার ও কম্প্রিহেনশন বিষয়ে)। (৩) দ্বিতীয় ভাষা পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন (প্রশ্ন হবে গ্রামার ও কম্প্রিহেনশন বিষয়ে)। (৪) অঙ্ক ও বিজ্ঞান বিষয়ের শিক্ষক-শিক্ষিকাদের বেলায় অঙ্ক ও বিজ্ঞান বিষয়ে ৬০ নম্বরের ৬০টি প্রশ্নের পরীক্ষা দিতে হবে।

■ *আপার প্রাইমারি 'টেট'এর জন্য যোগ্যতা কেমন লাগে? — গোবিন্দ বাস্কে, পিঠালি কান্টাদি, পুরুলিয়া।*

■■ মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। পেশাগত যোগ্যতা হিসাবে বি.এড. / এলিমেন্টারি এডুকেশনের ডিপ্লোমা / বি.এল.এড. / বি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্স পাশ হতে হবে। বয়স হতে হবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। আগামী ২ বছরের জন্য বয়স ৫ বছর বাড়বে।

■ *রাষ্ট্রবিজ্ঞানে অনার্স (৮০০) নম্বর নিয়ে পাশ করেছি। পাস বিষয় হিসাবে ইতিহাস ছিল, যেখানে ২০০ নম্বরের পরীক্ষা হত। রাষ্ট্রবিজ্ঞানে এম.এ. ও বি.এড. করেছি। স্কুল সার্ভিস কমিশনের একাদশ-দ্বাদশে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের পরীক্ষা দিতে পারলেও নবম-দশমে ইতিহাস বিষয়ে পরীক্ষা দিতে পারব কি? যদি না পারি তাহলে, নবম-দশমে কোন বিষয়ে পরীক্ষা দিতে পারব? — কৃষ্ণাণু সাহা, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ রাষ্ট্রবিজ্ঞান বিষয় নবম-দশমে নেই, তাই রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে পরীক্ষা দিতে পারবেন না। ২০০ নম্বরের পাস বিষয় ইতিহাস বিষয়ে নবম-দশমে পরীক্ষা দিতে পারবেন না অর্থাৎ, নবম-দশমে কোনো বিষয়েই পরীক্ষা দিতে পারবেন না। তবে আপার প্রাইমারি 'টেট' দিতে পারবেন।

■ *স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — সুব্রত মুখার্জী, নারাজোল, দাসপুর, পশ্চিম মেদিনীপুর।*

■■ স্কুলের গ্রুপ-সি ও গ্রুপ-ডি'র বিজ্ঞপ্তি এবছর বেরোনোর সম্ভাবনা কম।

■ *স্কুল সার্ভিসের আপার প্রাইমারি টেট কবে হবে? এস.আই.আর.-এ আমার নাম ভোটার তালিকা থেকে বাদ গেছে। পাশ করার পর সার্টিফিকেট ভেরিফিকেশনের সময় অসুবিধা হবে কি? — পিয়ালী বিশ্বাস, হাঁসখালি, নদিয়া।*

■■ হ্যাঁ, অসুবিধা হতে পারে।

■ *ফ্রেশার প্রার্থীদের কি ইন সার্ভিস টিচারদের সঙ্গেই আপার প্রাইমারি 'টেট' দিতে হবে?— সিদ্ধার্থ দে, গোলপার্ক, কলকাতা। পৌলমী সেনগুপ্ত, কৃষ্ণনগর, নদিয়া। ঋতম চক্রবর্তী, ভদ্রেশ্বর, হুগলি। মিঠু দে, ঢাকুরিয়া, কলকাতা।*

■■ এ বিষয়ে এখনো কিছু ঠিক হয়নি।

পাব্লিক সার্ভিসের

■ *পি.এস.সি.'র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার দরখাস্তে আধার কার্ডের নম্বরের বদলে ভোটার কার্ডের নম্বর দিয়ে দরখাস্ত করেছিলাম। পরে এডিটও করা হয়নি। এই ভুলের জন্য অসুবিধা হবে কি? — আকাশ দত্ত।*

■■ হ্যাঁ, এজন্য অসুবিধা হতে পারে।

■ *পি.এস.সি.'র স্টেনোগ্রাফার পদের পরীক্ষা এবছর হবে কি? — সঞ্জিৎ ময়রা।*

■■ না, এবছর হওয়ার সম্ভাবনা নেই।

■ *ফুডের সাব-ইন্সপেক্টর পদের লিখিত পরীক্ষার ফল কবে বেরোবে? — চয়ন সাহানা।*

■■ আপাতত কোনো খবর নেই।

কোস্ট গার্ডে

■ *কোস্ট গার্ডে নাবিক পদের বেলায় শিক্ষাগত যোগ্যতা কী লাগে? পরীক্ষার সিলেবাস জানাবেন। — আনন্দ সাহা, ভদ্রেশ্বর, হুগলি।*

■■ অঙ্ক ও ফিজিক্স বিষয় নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা নাবিক (জেনারেল ডিউটি) পদের জন্য যোগ্য। মাধ্যমিক পাশ ছেলেরা নাবিক (ডোমেস্টিক ব্রাঞ্চ) পদে যোগ্য। মাধ্যমিক পাশ ছেলেরা এ.আই.সি.টি.ই.'র অনুমোদিত সংস্থা থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল বা, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন (রেডিও / পাওয়ার) ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে যান্ত্রিক পদের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২২ বছরের মধ্যে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড অনলাইন পরীক্ষা হবে। নাবিক (জেনারেল ডিউটি) পদের বেলায় প্রথম পার্টের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : অঙ্ক-২০টি, বিজ্ঞান ১০টি, ইংরিজি ১৫টি, রিজনিং ১০টি, জি.কে. ৫টি। সময় ৪৫ মিনিট।

নাবিক (ডোমেস্টিক ব্রাঞ্চ) পদের বেলায় প্রথম পার্টের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : অঙ্ক-২৫টি, ফিজিক্স ২৫টি। সময় ৩০ মিনিট।

যান্ত্রিক পদের বেলায় প্রথম পার্টের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৫০টি, ইলেক্ট্রনিক্স ৫০টি, মেকানিক্যাল ৫০টি। সময় ৩০ মিনিট।

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

সাম্প্রতিক তথ্যে ভরা

চাকরিচর্চা

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

অন্যান্য চাকরির

■ *রাজ্য সরকারের গ্রুপ-ডি পদের যে বিজ্ঞপ্তি বেরোবে, তার সিলেবাস জানাবেন। পঞ্চায়েতের বিভিন্ন পদের সিলেবাস কেমন হবে? দু'টি পরীক্ষার মধ্যে কোনটি সহজ হবে? — সুমন কয়াল, সাঁকরাইল, হাওড়া।*

■■ রাজ্য সরকারের বিভিন্ন অফিসে গ্রুপ -ডি পদে প্রায় ১ লাখ মতো শূন্যপদ আছে। এর মধ্যে কয়েক হাজার শূন্যপদ আগামী বছরের মধ্যে পূরণ করা হবে পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে। গ্রুপ-ডি পদে নিয়োগের জন্য প্রার্থী বাছাই হবে দু'টি পর্যায়ে। প্রথমে হবে প্রিলিমিনারি পরীক্ষা। এই পরীক্ষায় ন্যূনতম কোয়ালিফাইং নম্বর পেলে মেনস পরীক্ষা দিতে হবে। নিয়োগে স্বচ্ছতা আনতে গ্রুপ-ডি পদের জন্য কোনো ইন্টারভিউ বা, পার্সোন্যালিটি টেস্ট থাকছে না। লিখিত মেনস পরীক্ষায় সফল হলেই মেধা তালিকা তৈরি হবে। প্রতিটি ক্ষেত্রেই সংরক্ষণ প্রথা মেনে তালিকা তৈরি হবে। লিখিত পরীক্ষার ও.এম.আর. শীটের কার্বন কপি প্রার্থীরা বাড়ি নিয়ে যেতে পারবেন। রাজ্য সরকারি অফিসে গ্রুপ-সি অর্থাৎ, ক্লার্ক পদে নিয়োগের দায়িত্ব পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনকে দেওয়া হলেও পরে তা পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনকে দেওয়া হয়। এই পদের জন্য শিক্ষাগত যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে। পঞ্চায়েতের পরীক্ষার সিলেবাস বদল হবে। এ বিষয়ে পি.এস.সি. বিজ্ঞপ্তি দিয়ে বিস্তারিত জানাবে।



সুদীপ ভট্টাচার্য,
কর্ণধার, ইন্টেরিয়র ডিজাইনার

ব্যবসা

ইন্টেরিয়র ডেকরেশন শিল্পে কাজের সুযোগ

ঘর সাজানোর ব্যাপারটা যুগের কেতায় হয়ে দাঁড়িয়েছে ইন্টেরিয়র ডেকরেশন। এই পেশা এতটাই মর্যাদা পেয়েছে যে অন্দরসজ্জা এখন একটা শিল্প হয়ে উঠেছে। মজার ব্যাপার হল, এই বিশ্বব্যাপী মন্দার সময়ও তার ঢেউ আদৌও এই শিল্পে প্রভাব ফেলেনি। বরং বলা যায় নির্মাণ শিল্পের জোয়ারে এর চাহিদা বেড়েই চলেছে। ইন্টেরিয়র ডিজাইনিং এমন এক পেশা, যেখানে চাকরি ও ব্যবসার সুযোগ আছে। চাকরির সুযোগ আছে বিভিন্ন আর্কিটেকচারাল, ডিজাইনিং ফার্ম ও রঙের কোম্পানি, বড়ো-বড়ো হোটেল, কর্পোরেট সংস্থা ও কনস্ট্রাকশন গ্রুপেও ইন্টেরিয়র ডিজাইনার রাখা হয়। এছাড়াও সিনেমা ও ধারাবাহিকে সেট তৈরির কাজে ইন্টেরিয়র ডিজাইনারদের ভালো চাহিদা আছে। ডিজাইনিং ফার্মগুলিতে ডিজাইনার ছাড়াও কাজের সুযোগ আছে এইসব পদে- সুপারভাইজর, ম্যানেজার, ওয়ার্কশপে স্কিল-আনস্কিলড লেবার, মিস্ত্রি ও টেকনিশিয়ান। সংস্থা অনুযায়ী ডিজাইনার পদে মাইনে ৫ হাজার থেকে ৩০ হাজার টাকা। যোগাযোগ ও পরিচিতির মাধ্যমে কাজ পাওয়া যায়। কলকাতায় এই মুহূর্তে চাকরির বাজার বেশ ভালো।

একজন ইন্টেরিয়র ডিজাইনার তাঁর কাজের যোগ্য স্বীকৃতি পান শুধুমাত্র নিজের কাজ করে। ২-৩ বছর কাজের অভিজ্ঞতা সঞ্চয়ের পর ব্যবসায় নামা বুদ্ধিমানের কাজ। অন্দরসজ্জার মূল বিষয় হল নির্দিষ্ট জায়গার মধ্যে শিল্পসম্মতভাবে ঘরের অন্দরমহল সাজানো।

ডিজাইনিং ও ডেকরেশন : ইন্টেরিয়র ডিজাইনিং ও ইন্টেরিয়র ডেকরেশন এক নয়। দ্বিতীয়টি আসলে প্রথমটির একটি অংশ মাত্র। ইন্টেরিয়র ডিজাইনারের প্ল্যান অনুযায়ী পুরো ব্যাপার রূপায়ণ করেন ইন্টেরিয়র ডেকরেটর।

ব্যবসা করতে হলে : প্রথমত : ব্যবসায় নামার আগে ট্রেড লাইসেন্স, ভ্যাট / আয়কর রিটার্ণ ফাইল ইত্যাদি করে নিতে হবে। সংস্থার নামে কারেন্ট অ্যাকাউন্ট করাতে হবে। কারণ, কর্পোরেট সংস্থা থেকে শুরু করে সাধারণ গৃহস্থ সবাই টাকা দেন চেকের মাধ্যমে ফার্মের নামে, কোনো ব্যক্তিবিশেষের নামে নয়।

দ্বিতীয়ত : কাঁচামাল ও শ্রমিক কোথায় সুলভে পাওয়া যায় জেনে নিতে হবে। কাঁচামালের মধ্যে ভালো কাঠ পাবেন নিমতলা ঘাট, প্লাই /এফ.ডি.এফ./রট আয়রণ পাইকারি দরে পাওয়া যায় বড়বাজার ও প্রিন্সেপ স্ট্রিট অঞ্চলে। নক্সা অনুযায়ী কাজের জন্য নিজস্ব ওয়ার্কশপ থাকা দরকার। আসবাব তৈরির জন্য দরকার এইসব যন্ত্রপাতি : উড কাটিং, রাউটিং, ড্রিল ও পালিশ মেশিন। যাবতীয় মেশিনারি সস্তায় পাওয়া যায় নির্মল চন্দ্র স্ট্রিট ও ক্যানিং স্ট্রিটে। ৩-৪ জন দক্ষ লোক নিয়ে ওয়ার্কশপ চালু করা যায়।

তৃতীয়ত : বিনা পুঁজিতে ব্যবসা করা যায়। এই ব্যবসার নীতি অনেকটা মাছের তেলে মাছ ভাজার মতো। মানে, ক্লায়েন্টের নিজের পয়সা দিয়েই তার কাজ করানো হয়। কাজ শুরুর আগে ৫০%-৬০% অগ্রিম নেওয়া হয়। তবে অন্তত ৫০ হাজার টাকা থেকে ১ লাখ টাকার মূলধন নিয়ে নামা দরকার।

চতুর্থত : নিজের একটা পুরো নেটওয়ার্ক থাকা দরকার। কাজের বরাতের জন্য ফার্মের নামে পরিচয়পত্র ছাপিয়ে সরাসরি যোগাযোগ করতে হবে। নিজের কাজের প্রদর্শনী করে ক্রেতা ধরা যায়। সঙ্গে রাখতে হবে কাজের প্রোফাইল। এই ব্যবসায় ক্লায়েন্ট চেনা খুব গুরুত্বপূর্ণ। চিনতে না পারলে টাকা পাওয়া খুব শক্ত।

কাজের চরিত্র ও পদ্ধতি : অন্দরসজ্জার পুরো ব্যাপার নির্ভর করে কয়েকটি ছকের ওপর। যেমন: **(ক) ক্লায়েন্ট কাউন্সেলিং :** ক্লায়েন্টের মন বুঝে চলতে হয়। কারণ, ইনি পুরো বিষয়ের টাকা যোগান। ক্লায়েন্টের সঙ্গে কথা বলে জেনে নিতে হয় তিনি ঠিক কী ধরনের ডিজাইন চাইছেন। এক্ষেত্রে ঘরের চরিত্র (শোয়ার ঘর / রান্না ঘর / বৈঠকখানা / পড়ার ঘর / অফিস) জেনে নিতে



হয়। মনে রাখতে হবে, যাঁরা ডিজাইনারদের দিয়ে কাজ করানোর মতো জায়গায় পৌঁছেছেন, তাঁদের ডিজাইন সম্পর্কে একটা ধারণা থাকে। স্বাভাবিক সৌন্দর্যবোধের সাহায্যে মোটামুটি নিজের মনের মতো ঘর সাজাতে পারেন। সব ক্লায়েন্ট মনে মনে নিজেই ডিজাইনার। হাতে-কলমে সেই চিন্তার রূপ দেন পেশাদাররা। এখানেই সাধারণ ক্লায়েন্টের সঙ্গে পেশাদার ডিজাইনারের তফাৎ।

(খ) পরিকল্পনা বা, প্ল্যান তৈরি : প্ল্যান করা মানে ক্লায়েন্টের পছন্দ ও নিজের ভাবনা মিশিয়ে ঘরের অন্দরের জায়গা কীভাবে সাজানো হবে, তার একটা ছক তৈরি করা। এই ছক দেখেই পরবর্তী কাজ এগোবে। প্ল্যানের মধ্যেও অনেক ভাগ থাকে। যেমন : মাস্টার প্ল্যান, ইলেক্ট্রিক্যাল লে-আউট, প্লাম্বিং লে-আউট, এ.সি. লে আউট, ফার্নিচার প্ল্যান, লাইটিং, ফলস সিলিং প্ল্যান, বাব্‌ল ডায়াগ্রাম (এর মাধ্যমে জায়গার সঠিক ব্যবহার দেখানো হয়) ও কনসেপ্ট নেট (পুরো প্ল্যানিং যার ওপর ভিত্তি করে দাঁড়িয়ে আছে)। প্রোজেক্ট অনুযায়ী তৈরি করতে হয় সম্পূর্ণ পোর্টফোলিও। প্ল্যানিং কাগজে-কলমে হলেও এখন কম্পিউটারের সফটওয়্যার অটো-ক্যাডে করা হয়। ফলে, এই পেশায় আঁকার এক গুরুত্বপূর্ণ জায়গা আছে।

(গ) বাজেট তৈরি : মাস্টার প্ল্যান তৈরির পর প্রতিটি আলাদা প্ল্যানের জন্য বাজেট তৈরি করতে হয়। পুঙ্খানুপুঙ্খ অঙ্ক কষে এগোনো হয়। মেটেরিয়ালস ও লেবার, ড্রয়িং, সুপারভিশন সব কিছুর জন্য আলাদা বরাদ্দ ধরা হয়। অনেক সময় এমনও হয়, ক্লায়েন্ট শুধু ড্রয়িং করে নিতে চান আবার ড্রয়িং করে শুধু হাতে-কলমে করতে বলাও হতে পারে। তাই তৈরি থাকতে হয় সবরকম অবস্থার জন্যই।

(ঘ) চুক্তিপত্র : প্ল্যান ও সেই অনুযায়ী বাজেট অনুমোদিত হলে চুক্তির ভিত্তিতে (এখানে থাকে কী প্ল্যান ঠিক হল, কত বাজেটে কাজ হচ্ছে, কত দিনের মধ্যে শেষ হবে) কাজ শুরু করা হয়।

লাভের পরিমাণ : কাজ পিছু ৫%-৩০% লাভ রাখা যায়। শুরুতে কম লাভ রেখে এগোলে ব্যবসা দীর্ঘস্থায়ী হয়।


সাফল্য পেতে : প্রতিষ্ঠানের ট্রেনিং থাকলে বেসিক ধারণা গড়ে ওঠে। কোনো নামি সংস্থায় যেখানে প্র্যাক্টিক্যালের ব্যবস্থা আছে, সেখানে ট্রেনিং নিতে হবে। এছাড়া নামি সংস্থায় ট্রেনিং নিলে অনেক ক্ষেত্রে ক্যাম্পাস ইন্টারভিউয়ে চাকরি হয়। তবে, কাজের ক্ষেত্রে সার্টিফিকেটের থেকে কর্মদক্ষতা ও অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হয়। সফল পেশাদার হওয়ার জন্য দরকার এইসব গুণ : (ক) সৃজনশীল দক্ষতা, (খ) সময় সম্পর্কে সজাগ থাকা, (গ) সাজ-পোশাক সম্পর্কে সচেতনতা, (ঘ) ইন্টেরিয়র ডিজাইনিংয়ের কাজ বেশি হয় প্রভাবশালী মহলে। এজন্য ইংরিজি / হিন্দি ভাষায় কাজ চালানোর মতো দক্ষতা দরকার, (ঙ) নিজেকে আপ-ডেট রাখা যেমন : অন্দরসজ্জার পেশায় নিজেকে রোজ গ্রুমিং করা দরকার। বাজারে নতুন জিনিস আসার দিকে একেবারে শ্যেনচক্ষু মেলে তাকিয়ে থাকতে হবে। নিয়মিত দেশি-বিদেশি ডিজাইনার ম্যাগাজিন পড়লে ও বিখ্যাত ডিজাইনারদের কাজ দেখলে আপ-টু-ডেট থাকা যায়। শহরে ইন্টেরিয়র মেলাগুলিতে নিয়মিত যেতে হবে। এছাড়াও অন্দরসজ্জা নিয়ে হওয়া বিভিন্ন টিভি শো সাহায্য করতে পারে।

মিসলেনিয়াস স্পেশাল

1. যুক্তরাজ্যে, ভারতের হাইকমিশনার এখন কে?
(A) বিক্রম দরাইস্বামী (B) পবন কাপুর (C) অমিত কুমার মিশ্র (D) পেরিয়াস্বামী কুমারন
2. 2025 সালে 'সরস্বতী সম্মান'এ ভূষিত হলেন কোন বাঙালি লেখক?
(A) রামকুমার মুখোপাধ্যায় (B) গুরুচরণ দাস (C) নারায়ণ পাল (D) উৎসবচরণ দাস
3. ভারতের সবথেকে দামি চিত্রকর্ম 'যশোদা ও কৃষ্ণ' ছবিটি এঁকেছেন কে ?
(A) যামিনী রায় (B) অবনীন্দ্রনাথ ঠাকুর (C) রাজা রবি বর্মা (D) কনিষ্ক নারায়ণ
4. 72তম 'জাতীয় চলচ্চিত্র পুরস্কার'এ 'সেরা ফিচার চলচ্চিত্র'এর পুরস্কার জিতেছে —
(A) আর্টিকেল 370 (B) 12th ফেল (C) রামায়ণ (D) ধুরন্দর
5. এবছর 'লোকমান্য তিলক জাতীয় পুরস্কার' পেলেন কে?
(A) নরেন্দ্র মোদী (B) বিক্রম শেঠ (C) অজিত দোভাল (D) উপেন্দ্র দ্বিবেদী
6. 'PM Surya Ghar: Muft Bijli Yojana' কত সালে চালু হয়?
(A) 2024 (B) 2022 (C) 2023 (D) 2015
7. আন্টার্কটিকায়, ভারতের চতুর্থ গবেষণা কেন্দ্রটির নাম কী?
(A) গঙ্গোত্রী (B) ভারতী (C) দুর্গা (D) মৈত্রী II
8. 'Poseidon Underwater Drone' পরীক্ষা করল কোন দেশ?
(A) মার্কিন যুক্তরাষ্ট্র (B) রাশিয়া (C) ইউক্রেন (D) জাপান
9. সোনাপুর বা, সোনপুর সৈকত ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(A) পশ্চিমবঙ্গ (B) বিহার (C) ওড়িশা (D) ঝাড়খণ্ড
10. 'জাতীয় টিকাকরণ দিবস' কবে পালিত হয়?
(A) 16 মার্চ (B) 10 এপ্রিল (C) 16 আগস্ট (D) 11 সেপ্টেম্বর
11. সুমিত আন্তিল কোন খেলার সঙ্গে যুক্ত?
(A) ক্রিকেট (B) দাবা (C) জ্যাভলিন থ্রো (D) ফুটবল
12. গুরুগ্রামে, ভারতের প্রথম এলপিজি এটিএম পরিষেবা চালু করল কোন সংস্থা?
(A) SBI (B) BPCL (C) L&T (D) ONGC
13. 'বিশ্ব হোমিওপ্যাথি দিবস' কবে পালিত হয়?
(A) 10 এপ্রিল (B) 7 এপ্রিল (C) 6 জুন (D) 1 জুলাই
14. 'নীতি আয়োগ'এর সি.ই.ও এখন কে?
(A) অনুরাগ জৈন (B) তুহিন কান্ত পান্ডে (C) রাজেশ কুমার সিং (D) হরজিৎ সিং
15. 'ওকিনাওয়া' দ্বীপপুঞ্জ কোন দেশের অন্তর্গত একটি দ্বীপপুঞ্জ?
(A) মলদ্বীপ (B) মরিশাস (C) জাপান (D) চিন
16. বিরজু মহারাজ কোন ধরনের নৃত্যশৈলীর সঙ্গে সম্পর্কিত?
(A) কত্থক (B) ওড়িশি (C) কথাকলি (D) মোহিনীয়াট্টম
17. ন্যাশনাল লাইব্রেরি কলকাতায় কত সালে প্রতিষ্ঠিত হয়?
(A) 1945 (B) 1961 (C) 1948 (D) 1953
18. নিচের কোন ব্যক্তির সঙ্গে সীতাব দিয়ারা (বিহার) স্থানটি সম্পর্কযুক্ত?
(A) গৌতম বুদ্ধ (B) জয়প্রকাশ নারায়ণ (C) মহাত্মা গান্ধী (D) কারপুরি ঠাকুর
19. সারনাথ স্তম্ভ কে তৈরি করেছিলেন?
(A) বিন্দুসার (B) হর্ষবর্ধন (C) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (D) অশোক
20. নিচের কোন রাজা শেষ জীবনে জৈন ধর্ম গ্রহণ করেছিলেন?
(A) সম্রাট অশোক (B) চন্দ্রগুপ্ত মৌর্য (C) সমুদ্রগুপ্ত (D) বিন্দুসার
21. 'অল ইন্ডিয়া রেডিও' কত সালে প্রতিষ্ঠিত হয়?
(A) 1936 (B) 1942 (C) 1928 (D) 1950
22. যতীন মজুমদার কোন বাদ্যযন্ত্রের সঙ্গে যুক্ত?
(A) বাঁশি (B) গিটার (C) সরোদ (D) সানাই
23. 'দেশপ্রিয়' উপাধি নিচের কোন ব্যক্তির?
(A) চিত্তরঞ্জন দাস (B) দীনবন্ধু মিত্র (C) যতীন্দ্র মোহন সেনগুপ্ত (D) আশুতোষ মুখোপাধ্যায়
24. 'Death of a City' বইটির লেখক কে?
(A) মুলক রাজ আনন্দ (B) এন.সি. চৌধুরী (C) অমৃতা প্রীতম (D) ভি.এস. নাইপাল
25. 'নেহরু ট্রফি' কোন খেলার সঙ্গে যুক্ত?
(A) বোট রেসিং (B) ভলিবল (C) ক্রিকেট (D) ব্যাডমিন্টন
26. সম্রাট অশোকের কোন শিলালিপি থেকে দক্ষিণ ভারতের রাজ্যগুলি সম্পর্কে জানা যায়?
(A) তৃতীয় (B) দ্বিতীয় (C) দ্বাদশ (D) ত্রয়োদশ

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার দরখাস্ত নেওয়া হয়েছে। প্রার্থী বাছাইয়ের প্রিলিমিনারি পরীক্ষা হবে 8 অক্টোবর (রবিবার)। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ৫০টি প্রশ্নোত্তর তৈরি করেছেন প্রতিযোগিতামূলক পরীক্ষার বিশেষজ্ঞ **শুভ ঘোষ**।

27. কোন গুপ্ত রাজা প্রথম রূপার মুদ্রা প্রচলন করেন?
(A) প্রথম চন্দ্রগুপ্ত (B) সমুদ্রগুপ্ত (C) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (D) কুমারগুপ্ত
28. হরপ্পা সভ্যতার কোথায় 'Bull Seal' পাওয়া গিয়েছিল?
(A) হরপ্পা (B) মহেঞ্জোদারো (C) লোথাল (D) চানহুদারো
29. ভারতীয় সংবিধানের কোন অনুচ্ছেদে বলা হয়েছে, ধর্ম, জাতি, বর্ণ ও ভাষা বা এগুলির কোনোটির ভিত্তিতে রাষ্ট্রকর্তৃক সরাসরি পরিচালিত বা, রাষ্ট্রের আর্থিক সাহায্যপ্রাপ্ত কোনো শিক্ষা প্রতিষ্ঠানে কোনো নাগরিককে ভরতি লাভের সুযোগ থেকে বঞ্চিত করা যাবে না?
(A) 26নং (B) 27নং (C) 28নং (D) 29নং
30. পশ্চিমবঙ্গের কতগুলি রাজ্যসভার আসন রয়েছে?
(A) 16 (B) 42 (C) 18 (D) 12
31. ভারতীয় সংবিধানে কাকে ইমপিচ করার ব্যবস্থা নেই?
(A) রাষ্ট্রপতি (B) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (C) রাজ্যপাল (D) হাই কোর্টের প্রধান বিচারপতি
32. কোন বিজ্ঞানী সর্বপ্রথম মহাকর্ষীয় ধ্রুবকের মান নির্ণয় করেন?
(A) ক্যাভেন্ডিস (B) কেপলার (C) নিউটন (D) ফ্রিডেল
33. তাপশক্তিকে তড়িৎশক্তিতে রূপান্তর করা হয় কোন যন্ত্রের সাহায্যে?
(A) অ্যামমিটার (B) হাইড্রোমিটার (C) ভোল্টমিটার (D) থার্মোকাপল
34. পৃথিবীপৃষ্ঠ থেকে কোনো জিওস্টেশনারি স্যাটেলাইটের উচ্চতা কত?
(A) 30000 KM (B) 36000 KM (C) 26000 KM (D) কোনোটিই নয়
35. FCI কত সালে প্রতিষ্ঠিত হয়?
(A) 1965 (B) 1960 (C) 1965 (D) 1970
36. কোন শিল্পনীতিতে প্রথম মিশ্র অর্থনীতির পদক্ষেপ গ্রহণ করে ভারত?
(A) 1948 (B) 1956 (C) 1970 (D) 1991
37. নিচের কোন প্রাণী ত্বকের মাধ্যমে শ্বাসকার্য চালায়?
(A) মাছ (B) ব্যাঙ (C) পায়রা (D) সাপ
38. কোশের মধ্যে নিউক্লিয়াস ছাড়া আর কোন কোশ অঙ্গানুর মধ্যে DNA থাকে?
(A) সেন্টিওল (B) গলগি বডি (C) লাইসোজোম (D) মাইটোকন্ড্রিয়া
39. A একটি কাজ 8 ঘন্টা করে প্রতিদিন কাজ করে 15 দিনে সম্পূর্ণ করতে পারে, B সেই কাজটি 9 ঘন্টা প্রতিদিন করে কাজ করলে $6\frac{2}{3}$ দিনে সম্পূর্ণ করতে পারে। যদি A ও B একসঙ্গে প্রতিদিন 10 ঘন্টা করে কাজটি করে তাহলে কাজটি কত দিনে শেষ হবে?
(A) 2 (B) 3 (C) 4 (D) 5
40. একটি ট্রেন বিপরীত দিক থেকে আসা দু'জন ব্যক্তিকে যথাক্রমে 6 সেকেন্ডে ও 5 সেকেন্ডে অতিক্রম করে, দু'জনের গতিবেগ যথাক্রমে 5m/s ও 10m/s. ট্রেনটির দৈর্ঘ্য কত মিটার?
(A) 125 (B) 150 (C) 160 (D) 170
41. দু'বছরে একটি গাছের উচ্চতা 25 সেন্টিমিটার থেকে বেড়ে 36 সেন্টিমিটার হয়েছে। গাছটির উচ্চতা বৃদ্ধির হার কত?
(A) 20% (B) 15% (C) 10% (D) 5%
42. $x : y = 3 : 2$ হলে $(x^2 - y^2) : (x^2 + y^2)$ = ?
(A) 5 : 13 (B) 13 : 5 (C) 5 : 1 (D) 1 : 5
43. দু'জনের একটি অংশীদারি ব্যবসায় মোট লাভ 1500 টাকা। A-এর মূলধন 6,000 টাকা ও লাভ 900 টাকা হলে B-এর মূলধন কত টাকা?
(A) 4,000 (B) 5,000 (C) 6,000 (D) 4,500
44. দু'টি সদৃশ ত্রিভুজের ক্ষেত্রফলের অনুপাত 16 : 9 হলে তাদের উচ্চতার অনুপাত কত?
(A) 3 : 4 (B) 4 : 3 (C) 16 : 9 (D) 25 : 16
45. একটি ব্যাগে 55 টাকা রয়েছে যথাক্রমে 1 টাকা, 50 পয়সা ও 25 টাকার মুদ্রা মিলিয়ে। যদি মুদ্রার সংখ্যার অনুপাত 1 : 2 : 3 হয়, তাহলে 50 পয়সার মুদ্রার সংখ্যা কত?
(A) 41 (B) 42 (C) 40 (D) 38
46. $a = -5, b = -6, c = 10$ তাহলে $\frac{a^3+b^3+c^3-3abc}{ab+bc+ca-a^2-b^2-c^2}$ = ?
(A) –1 (B) 1 (C) 18 (D) 21
47. দু'টি সংখ্যার ল.সা.গু ও গ.সা.গু-এর যোগফল 680 ও ল.সা.গু, গ.সা.গু-এর 84 গুণ। যদি একটি সংখ্যা 56 হয়, তাহলে অন্য সংখ্যাটি কত?
(A) 64 (B) 72 (C) 96 (D) 80
48. 425 টাকা 4 জন পুরুষ, 5 জন মহিলা ও 6 জন যুবকের মধ্যে এমনভাবে ভাগ করে দেওয়া হল যে প্রতিটি পুরুষ, মহিলা ও যুবকের প্রাপ্ত টাকার অনুপাত 9 : 8 : 4 হয়, তাহলে 5 জন মহিলা কত টাকা পাবে?
(A) 180 (B) 170 (C) 150 (D) 120
49. বিমলবাবু তার 12 ও 14 বছরের ছেলের জন্য 187500 টাকা 5% সরল সুদে এমনভাবে জমা রাখে যে যখন তাদের বয়স 18 বছর হবে, তারা প্রত্যেকে সুদে-আসলে সমান টাকা পাবে। তিনি ছোট ছেলের নামে কত টাকা রেখেছিলেন?
(A) 60000 (B) 70000 (C) 80000 (D) 90000
50. A ও B দু'টি পাইপ একটি চৌবাচ্চা যথাক্রমে 20 ও 30 মিনিটে পূর্ণ করতে পারে। দু'টি পাইপ একসঙ্গে চালু করার কত সময় পর A পাইপটিকে বন্ধ করা হলে আরো 10 মিনিট পর চৌবাচ্চাটি ভরতি হবে?
(A) 10 মিনিট (B) 12 মিনিট (C) 20 মিনিট (D) 8 মিনিট

মিসলেনিয়াস স্পেশাল

চটপট উত্তরের বিশ্লেষণ

1(D). 2(A). 3(C). 4(A). 5(C). 6(A). 7(D). 8(B). 9(C). 10(A). 11(C). 12(B). 13(A). 14(A). 15(C). 16(A). 17(C). 18(B). 19(D). 20(B). 21(A). 22(B). 23(C). 24(C). 25(A). 26(B). 27(C). 28(A). 29(D). 30(A). 31(C). 32(A). 33(D). 34(B). 35(C). 36(A). 37(B). 38(D).

39(C). 40(B). 41(A). $36 = 25\left(1+\frac{R}{100}\right)^2$

$\frac{6}{5} = 1+\frac{R}{100}$ বা, $\frac{R}{100} = \frac{1}{5}$ বা, R = 20%

42(A). $x : y = 3 : 2$

$(x^2 - y^2) : (x^2 + y^2)$

$(9-4) : (9+4) = 5 : 13$

43(A). 44(B). 16 : 9

উচ্চতার অনুপাত $\sqrt{16} : \sqrt{9} = 4 : 3$.

45(C).
100
100
75
275 = 5500
1 = 20
20 × 2 = 40

46(A). $a^3 + b^3 + c^3 - 3abc = (a+b+c)$
$(ab+bc+ca-a^2-b^2-c^2)$
$= (a+b+c) = (-5-6+10) = -1$

47(C). গ.সা.গু = x, ল.সা.গু = 84x
85x = 680
বা, x = 8
$\frac{8\times84\times8}{56} = 96$

48(B).
9 : 8 : 4
4 5 6
36 40 24
(36+40+24) = 100
$425\times\frac{40}{100} = 170$

49(D). $\left\{x+\frac{x\times5\times6}{100}\right\} = \left\{y+\frac{y\times4\times5}{100}\right\}$

130 x = 120y
$\frac{x}{y} = \frac{12}{13}$
$187500 \times \frac{12}{25} = 90000$

50(D).

পুলিশের কনস্টেবল

১ পাতার পর

ও.বি.সি.- বি ক্যাটেগরি হিসাবে দরখাস্ত নেওয়া হয়েছিল। এখন ও.বি.সি. -এ কিংবা ও.বি.সি.-বি ক্যাটেগরি বলে কিছু নেই। এখন একটি ক্যাটেগরি 'ও.বি.সি.'। নতুন ও.বি.সি. তালিকায় যাঁদের নাম এখন নেই, তাঁদের যদি 'ই.ডব্লু.এস.' সার্টিফিকেট থেকে থাকে, তাহলে তাঁরা 'ই.ডব্লু.এস.' ক্যাটেগরি হিসাবে তথ্য আপলোড করতে পারবেন। বাকি প্রার্থীদের 'সাধারণ প্রার্থী' হিসাবে ধরা হবে। দরখাস্ত এডিট করতে পারবেন ২৬ সেপ্টেম্বর পর্যন্ত। আগে দরখাস্ত এডিট করার শেষ তারিখ ছিল ২১ সেপ্টেম্বর। ওয়েবসাইটে প্রযুক্তিগত ত্রুটির জন্য এডিট করার তারিখ বাড়ানো হয়েছে।

এই ওয়েবসাইটে : https://wbprb.applythrunet.co.in

এছাড়াও কনস্টেবল পদের আগের বিজ্ঞপ্তি (নং WBPRB/Notice-2025/06 (Cons._LC-KP_24, Date: 18.09.2024) অনুযায়ী যে শূন্যপদ প্রকাশিত হয়েছিল, তা বাতিল করা হয়েছে। সংশোধিত শূন্যপদের নতুন তালিকায় ছেলেদের জন্য শূন্যপদ আছে ৩,৬২৪টি আর মেয়েদের জন্য ৩৪৫টি। ক্যাটেগরিভিত্তিক শূন্যপদের নতুন তালিকা দেওয়া হল :

কনস্টেবল পদে শূন্যপদ ৩,৯৬৯টি। এর মধ্যে ছেলেদের জন্য ৩,৬২৪টি। এর মধ্যে জেনাঃ ৬৫৪, জেনাঃ ই.সি. ৫৭৮, জেনাঃ হোম গার্ড ৩২৬, জেনাঃ সিভিক ভলান্টিয়ার ৩৬৩, জেনাঃ খেলোয়াড় ৭২, ই.ডব্লু.এস. ২৫৩, ই.ডব্লু.এস.- ই.সি. ১১০, তঃজাঃ ৩২৫, তঃজাঃ ই.সি. ২৫৫, তঃজাঃ হোম গার্ড ১০৮, তঃজাঃ সিভিক ভলান্টিয়ার ১০৯, তঃউঃজাঃ ৭৩, তঃউঃজাঃ ই.সি. ৭৩, তঃউঃজাঃ হোম গার্ড ৩৬, তঃউঃজাঃ সিভিক ভলান্টিয়ার ৩৬, ও.বি.সি. ১০৯, ও.বি.সি. -ই.সি. ৭২, ও.বি.সি. -হোম গার্ড ৩৬, ও.বি.সি. সিভিক ভলান্টিয়ার ৩৬।

মেয়েদের জন্য শূন্যপদ ৩৪৫টি। এর মধ্যে জেনাঃ ৫৬, জেনাঃ ই.সি. ৫৬, জেনাঃ হোম গার্ড ৩৫, জেনাঃ সিভিক ভলান্টিয়ার ৩৫, জেনাঃ খেলোয়াড় ৭, ই.ডব্লু.এস. ২৪, ই.ডব্লু.এস.- ই.সি. ১০, তঃজাঃ ৩২, তঃজাঃ ই.সি. ২৪, তঃজাঃ হোম গার্ড ১১, তঃজাঃ সিভিক ভলান্টিয়ার ১০, তঃউঃজাঃ ৬, তঃউঃজাঃ ই.সি. ৭, তঃউঃজাঃ হোম গার্ড ৩, তঃউঃজাঃ সিভিক ভলান্টিয়ার ৪, ও.বি.সি. ১১, ও.বি.সি. -ই.সি. ৭, ও.বি.সি. -হোম গার্ড ৪, ও.বি.সি. সিভিক ভলান্টিয়ার ৩।

কলকাতা পুলিশ ২০২৩ সালের সাব-ইন্সপেক্টর, সাব-ইন্সপেক্টর্স ও সার্জেন্ট পদের লিখিত পরীক্ষায় সফলদের পার্সোন্যালিটি টেস্ট শুরু হয়েছে ২১ সেপ্টেম্বর থেকে। ই-কল লেটার ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। কবে কাদের কোথায় ইন্টারভিউ হবে তা পাবেন এই ওয়েবসাইটে : www.prb.wb.gov.in, www.wbpolice.gov.in

পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড সূত্রে খবর, পুলিশের পরীক্ষার চূড়ান্ত ফল এমাসেই বেরোবে। সবকিছু ঠিক থাকলে পুজোর আগেই প্রার্থীদের নিয়োগও করা হবে।

১১০ এম.টি.এস

১ পাতার পর

'গেট' পরীক্ষায় স্কোর করে থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ৭টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ৪)। সিভিল ১টি (জেনাঃ)।

টেকনিশিয়ান গ্রেড-। : আই.টি.আই. থেকে ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রিক্যালে ৭টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। মেকানিক্যালে ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

টেকনিক্যাল অ্যাটেন্ড্যান্ট গ্রেড-। : মাধ্যমিক পাশরা যোগ্য। আই.টি.আই. থেকে মেকানিক্যাল বা, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ : ৩৭টি (জেনাঃ ১৯, তঃজাঃ ৬, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৪)।

অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।। : প্রথম শ্রেণির বি.এ., বি.এসসি., বি.কম., বি.বি.এ., বি.বি.এম., বি.সি.এ. কোর্স পাশরা ন্যাশনাল ইনস্টিটিউট অফ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজির থেকে বেসিক কম্পিউটারের 'বি' গ্রেড সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ২৯টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ৭)।

মাল্টিটাস্কিং স্টাফ গ্রেড-। : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ :১৪টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১২-১০-২০২৬'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তিনং : CPRI/06/2026, Date: 19-09-2026.

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। সফল হলে স্কিল টেস্ট বা, ট্রেড টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ১২ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://cpri.res.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ টেকনিশিয়ান গ্রেড-।, অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।। ও টেকনিক্যাল অ্যাটেন্ড্যান্ট পদের বেলায় ৭০০ টাকা আর অন্যান্য পদের বেলায় ১,০০০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী, মহিলা ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

সাধারণ বিজ্ঞান

১। মানুষের দেহে কপারের পরিমাণ বেড়ে গেলে কোন রোগ হয় — উইলসন।

২। কোন মৌলকে ছুরি দিয়ে সহজেই কাটা যায় — সোডিয়াম (প্রতীক : Na, পারমাণবিক সংখ্যা : 11)।

৩। বিপদের সংকেত হিসাবে লাল আলো ব্যবহার করা হয় কেন — লাল আলোর বিক্ষেপণ কম।

৪। অবন্তী রাজা প্রদ্যোত'এর চিকিৎসার জন্য বিম্বিসার কোন চিকিৎসককে পাঠিয়েছিলেন — জীবক (প্রদ্যোত জন্ডিসে অসুস্থ ছিলেন)।

৫। মাদ্রাজের কোন গভর্নর টিপু সুলতানের সঙ্গে চুক্তি করেছিলেন — জর্জ ম্যাকার্টনি (১৭৮৪ সালের ১১ মার্চ এই চুক্তি হয়)।

৬। সেকেন্দ্রায় আকবরের সমাধি কে তৈরি করেছিলেন — জাহাঙ্গীর (১৬০৫ সাল থেকে ১৬১৩ সালের মধ্যে এটি তৈরি হয়েছিল)।

৭। নন্দ রাজবংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন — মহাপদ্মনন্দ (৩৪৫ থেকে ৩২৯ খ্রিস্টপূর্বাব্দ)।

৮। কাদম্ব বংশের প্রতিষ্ঠাতা ছিলেন — মৌর্যশর্মা।

ইতিহাস

৯। শিবাজীর মন্ত্রী পরিষদে অর্থমন্ত্রী কোন নামে পরিচিত ছিলেন — মজুমদার।

১০। 'ওয়াইহিন্দের যুদ্ধ' (১০০৮-০৯ খ্রিস্টাব্দ) কাদের মধ্যে হয়েছিল — গজনীর মাহমুদ ও হিন্দু শাহী শাসক আনন্দপাল।

১১। সম্প্রতি শনি গ্রহের চারপাশে আরও মোট ক'টি নতুন চাঁদের খোঁজ পেয়েছেন বিজ্ঞানীরা — ১২৮টি (ফলে, এখন শনির মোট চাঁদের সংখ্যা দাঁড়িয়েছে ২৭৪টি)।

১২। গাড়িতে শব্দদূষণ রোধে কী ব্যবহার করা হয় — সাইলেন্সার।

১৩। কারখানার চিমনির ধোঁয়া কোন পদ্ধতিতে চারিদিকে ছড়িয়ে পড়ে বায়ুদূষণ ঘটায় — ব্যাপন পদ্ধতিতে।

১৪। লাল রক্তবিশিষ্ট কোন প্রাণীর লোহিত রক্তকণিকা নেই — কেঁচো।

১৫। হাইড্রোজেন গ্যাস কী রঙের শিখায় জ্বলে — নীল।

১৬। ঠান্ডা জলে দ্রাব্য কিন্তু গরম জলে অদ্রাব্য, এমন একটি গ্যাসের নাম লিখুন — হাইড্রোজেন সালফাইড (ফর্মুলা H_2S)।

ভূগোল

১৭। কৈলাশ মানস সরোবরের তীর্থযাত্রীরা কোন পথ দিয়ে অতিক্রম করেন — লিপু লেখ (উত্তরাখণ্ডের পিথোরাগড় জেলায় অবস্থিত)।

১৮। হলদিয়ায় বন্দর গড়ে ওঠার কারণ কী — গভীর পোতাশ্রয়।

১৯। 'কোশী' প্রকল্পটি কোন দুই দেশের মধ্যে একটি যৌথ চুক্তি — ভারত ও নেপাল।

২০। ভারতের বৃহত্তম লবণ উৎপাদনকারী রাজ্য কোনটি — গুজরাত (প্রায় ১৬০ লাখ টন)।

২১। 'শ্রী ভেঙ্কটেশ্বর জাতীয় উদ্যান' ভারতের কোন রাজ্যে অবস্থিত — আন্ধ্র প্রদেশ (উদ্যানটির মোট এলাকা ৩৫৩ বর্গ কিলোমিটার)।

২২। ত্রিপুরার একক বৃহত্তম শিল্প কোনটি — (হস্তচালিত তাঁত)।

২৩। ভারতের বনভূমির বৃহত্তম অংশের প্রতিনিধিত্ব করে কোন ধরনের বন — ক্রান্তীয় আর্দ্র পর্ণমোচী।

২৪। কোন দ্বীপ 'ময়ূর দ্বীপ' নামে পরিচিত — উমানন্দ দ্বীপ (অসমের গুয়াহাটি শহরের মধ্য দিয়ে প্রবাহিত 'ব্রহ্মপুত্র' নদীর মাঝখানে অবস্থিত এই ক্ষুদ্রতম নদী দ্বীপ)।

অর্থনীতি

২৫। 'অন্তরীক্ষ ভেঞ্চার ক্যাপিটাল ফান্ড' থেকে মোট কত টাকা সংগ্রহ করল হায়দরাবাদের মহাকাশ প্রযুক্তি স্টার্টআপ 'ধ্রুব স্পেস' — ৬০ কোটি (এটি ভারতের ১,৬০০ কোটি টাকার সরকারি স্পেস-টেক ফান্ড থেকে পাওয়া প্রথম বিনিয়োগ)।

২৬। ইউপিআই ভিত্তিক পেমেন্ট সুবিধাসম্পন্ন ভারতের প্রথম মিল কার্ড চালু করল কোন প্ল্যাটফর্ম — এনক্যাশ (এই কার্ডের মাধ্যমে কর্মীরা সরাসরি তাদের মিল কার্ডের ব্যালেন্স থেকে খাবার ও মুদি দোকানে ইউপিআই কিউআর কোড স্ক্যান করে পেমেন্ট করতে পারবেন)।

২৭। ২০২৪ ও ২০২৬ আর্থিক বছরের মধ্যে ভারতের সার রফতানি প্রায় কত শতাংশ বেড়েছে — ৫২% (রফতানি ২০২৪ আর্থিক বছরের ৩,১৭,৫১৫ টন থেকে বেড়ে ২০২৬ আর্থিক বছরে ৪,৭৯,৭৩৭ টনে উন্নীত হয়েছে)।

২৮। ভারতের প্রথম ইউপিআই-ভিত্তিক ফ্লেক্সি বেনিফিটস ওয়ালেট চালু করল কারা — ওমনিকার্ড (এর মাধ্যমে কর্মীরা একটিমাত্র ডিজিটাল ওয়ালেটের সাহায্যে কর সাশ্রয়ী সুবিধাগুলি কাজে লাগাতে পারবেন)।

২৯। এবছর 'গ্লোবাল ফিনান্স গ্লোবাল ব্যাঙ্ক পুরস্কার'এ, 'বিশ্বের সেরা কর্পোরেট ব্যাঙ্ক' হিসাবে নির্বাচিত হল কোন ব্যাঙ্ক — সিঙ্গাপুরের 'ডিবিএস ব্যাঙ্ক' (দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রথম ব্যাঙ্ক হিসাবে এই ঐতিহাসিক গৌরব অর্জন করল তারা)।

৩০। ভারত ও কোন দেশের মধ্যে 'ফাভারা-ইউপিআই' ক্রস-বর্ডার পেমেন্ট করিডর চালু হল — মলদ্বীপ।

৩১। এবছরের জুলাইয়ে ভারতের মোট জিএসটি সংগ্রহ কত টাকায় পৌঁছেছে — ২.১১ লাখ কোটি।

৩২। 'রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — মনীষা চক্রবর্তী।

সাম্প্রতিক ঘটনা

৩৩। 'বিশ্বব্যাঙ্ক'এ ভারতের পরবর্তী এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত



হলেন কে — অর্থনীতিবিদ নীলকণ্ঠ মিশ্র।

৩৪। দেশের ২৭ তম নৌবাহিনী প্রধান হিসাবে নিযুক্ত হলেন কে — অ্যাডমিরাল কৃষ্ণ স্বামীনাথন।

৩৫। ওয়েস্টার্ন ন্যাভাল কম্যান্ডের ফ্ল্যাগ অফিসার কম্যান্ডিং-ইন-চিফ হিসাবে দায়িত্ব নিলেন কে — ভাইস অ্যাডমিরাল সঞ্জয় বাৎস্যায়ন।

৩৬। সৌদি আরবে দু'টি মর্যাদাপূর্ণ 'লাবাইতুম' পুরস্কার জিতল কোন দেশের হজ মিশন — ভারতীয় হজ মিশন (হজ চলার সময় তীর্থযাত্রীদের সর্বোত্তম পরিষেবা দেওয়ার জন্য 'সেরা হজ সমন্বয়' ও 'যোগাযোগ' বিভাগে পুরস্কৃত হয়েছে ভারতীয় হজ মিশন)।

৩৭। উত্তর প্রদেশের ডিরেক্টর জেনারেল অফ পুলিশ হিসাবে নিযুক্ত হলেন কে — রাজীব কৃষ্ণ।

৩৮। এবছর 'ফুড অ্যান্ড অ্যাগ্রিকালচার অর্গানাইজেশন'এর তরফ থেকে, 'সয়েল ফার্মার হিরো' সম্মানে ভূষিত হলেন কে — তামিলনাড়ুর পোলাচি জেলার ৫৮ বছর বয়সি একজন কৃষক ভাল্লুভান।

৩৯। ক্যাথলিক খ্রিস্টানদের সর্বোচ্চ ধর্মীয় কেন্দ্র ভ্যাটিকানের অত্যন্ত প্রভাবশালী 'ডিকাস্ট্রি ফর কমিউনিকেশন'এর (যোগাযোগ বিভাগ) প্রিফেক্ট বা প্রধান হিসাবে নিযুক্ত হলেন কে — মারিয়া মন্তসেরাত আলভারাদো (তিনি হলেন ভ্যাটিকানের কোনো বিভাগের প্রধান হিসাবে নিযুক্ত হওয়া প্রথম সাধারণ মহিলা)।


৪০। এবছর 'দ্য আর্থ পুরস্কার' জিতে নিলেন কোন দেশের তিন পড়ুয়া — ভারত (জল থেকে ক্ষতিকর মাইক্রোপ্লাস্টিক দূর করার এক সাশ্রয়ী ও পরিবেশবান্ধব পদ্ধতি উদ্ভাবন করে বিভান ছাহড়িয়া, আরিয়ানা আগরওয়াল ও আভিয়ানা মেহতা এই পুরস্কার জিতেছেন)।

খেলাধূলা

৪১। ভারতের হয়ে আন্তর্জাতিক ক্রিকেটে খেলা প্রথম ক্রিকেটার হিসাবে, মার্কিন যুক্তরাষ্ট্রের টোয়েন্টি-২০ লিগ -'মেজর লিগ ক্রিকেট'এ খেলার জন্য চুক্তিবদ্ধ হলেন কে — রবিচন্দ্রন অশ্বিন (মেজর লিগ ক্রিকেট'এর চতুর্থ আসরের জন্য সান ফ্রান্সিসকো ইউনিকর্নস'এর সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছেন তিনি)।

৪২। ২০২৫-'২৬ সালে 'এএফসি চ্যাম্পিয়ন্স লিগ এলিট' খেতাব জিতল কোন দল — আল-আহলি সৌদি এফসি (জাপানের মাচিদা জেলভিয়াকে ১-০ ব্যবধানে হারিয়ে)।

৪৩। মহিলাদের টোয়েন্টি-২০ আন্তর্জাতিক ক্রিকেটের ইতিহাসে সর্বকনিষ্ঠ শতরানকারী হয়ে বিশ্বরেকর্ড গড়লেন কে — রুয়ান্ডার ১৫ বছর



বয়সি ক্রিকেটার ফ্যানি উতাগুশিমানিন্দে (শতরান করার সময় তাঁর বয়স ছিল মাত্র ১৫ বছর ২২৩ দিন)।

৪৪। 'বিহার ক্রিকেট অ্যাসোসিয়েশন'এর ন্যায়পাল হিসাবে কাকে নিয়োগ করল সুপ্রিম কোর্ট — প্রাক্তন বিচারপতি হৃষিকেশ রায়।

৪৫। মিশরের কায়রোতে, 'আই এসএসএফ জুনিয়র শুটিং বিশ্বকাপ'এ পুরুষদের ১০ মিটার এয়ার পিস্তল বিভাগে সোনার পদক পেলেন কে — ভারতের শিব নারওয়াল।

৪৬। 'মুম্বই ফ্যালকনস রেসিং লিমিটেড' ভারতে তাদের ফর্মুলা ১ কর্মসূচির প্রচারদূত হিসাবে কাকে নিয়োগ করেছে — শ্রেয়স আইয়ার।

৪৭। সম্প্রতি প্রয়াত বিজয় কুমার (৫৭ বছর) কে ছিলেন — প্রাক্তন ভারতীয় গলফার।

৪৮। এবছর 'মুতুয়া মাদ্রিদ ওপন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন কে — ইতালির জ্যানিক সিনার (জার্মানির আলেকজান্ডার জেভেরেভ'কে ৬-১ ও ৬-২ ব্যবধানে হারিয়ে)।

৪৯। এবছর সামোয়ার আপিয়ায়, 'কমনওয়েলথ ইয়ুথ ও জুনিয়র ভারোত্তোলন চ্যাম্পিয়নশিপ'এ জুনিয়র মেয়েদের ৬৯ কেজি বিভাগে সোনার পদক পেলেন কে — আন্ধ্র প্রদেশের বেল্লানা হারিকা (স্ন্যাচে ৮৬ কেজি ও ক্লিন অ্যান্ড জার্কে ১১১ কেজি-সহ মোট ১৯৭ কেজি ওজন তুলে এই কৃতিত্ব অর্জন করেন তিনি)।

সঙ্কলক : পলি দেওয়ান

গত সপ্তাহের পর

সাম্প্রতিক ঘটনাবলি

২২ মে : ওড়িশার চাঁদিপুরের ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ থেকে, 'অগ্নি-১' স্বল্পপাল্লার ব্যালিস্টিক মিসাইলের পরীক্ষা চালালো ভারত। স্ট্র্যাটেজিক ফোর্সেস কমান্ডের তত্ত্বাবধানে পরিচালিত এই পরীক্ষাটি সম্পূর্ণ সফল হয়েছে। পরীক্ষার সময় মিসাইলটি তার নির্ধারিত গতিপথ সম্পন্ন করে ও নির্ভুলভাবে লক্ষ্যবস্তুতে আঘাত হানে। 'অগ্নি-১' হল একটি একক পর্যায়ের, কঠিন জ্বালানি চালিত, ভূমি উৎক্ষেপণযোগ্য স্বল্পপাল্লার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র, যার পাল্লা ৭০০ থেকে ১,২০০ কিলোমিটার। এটি ১,০০০ কিলোগ্রাম পর্যন্ত পেলোড বহন করতে পারে। এটি প্রচলিত ও পরমাণু উভয় ধরনের ওয়ারহেড দিয়ে সজ্জিত করা যেতে পারে।

□ রাজ্যের সব সরকারি বিভাগে বৈদ্যুতিক যানবাহন ব্যবহার বাধ্যতামূলক করল ওড়িশা সরকার। জ্বালানি খরচ কমানো ও পরিবেশবান্ধব যাতায়াত ব্যবস্থা গড়ে তুলতে এই উদ্যোগ নেওয়া হয়েছে। ১ জুন থেকে সরকারি কাজে ব্যবহৃত সব নতুন দু'চাকা ও চার চাকার গাড়ি বৈদ্যুতিক হতে হবে। সরকারি কাজের জন্য ভাড়া করা সব চার চাকার গাড়িও বৈদ্যুতিক হতে হবে। ঊর্ধ্বতন কর্মকর্তাদের গাড়ি শেয়ারিং করতে হবে ও জ্বালানি বরাদ্দ অর্ধেক করা হবে। সরকারি কর্মীদের জন্য বৈদ্যুতিক বাস ও মিনিবাস পরিষেবা চালু করার পরিকল্পনা নেওয়া হয়েছে।


২৩ মে : 'অপারেশন নবজীবন' হল ঝাড়খণ্ড সরকারের একটি বিশেষ পুনর্বাসন কর্মসূচি। এর মূল উদ্দেশ্য হল, নকশাল ও মাওবাদীদের হিংসার পথ ত্যাগ করে মূল স্রোতে ফিরে আসতে উৎসাহিত করা। সম্প্রতি রাঁচিতে রাজ্য পুলিশের কাছে এই প্রকল্পের অধীনে সাব-জোনাল কম্যান্ডার ও স্ট্রাইক স্কোয়াড সদস্য-সহ ২৭ জন মাওবাদী আত্মসমর্পণ করেছে। আত্মসমর্পণকারীদের পুনর্বাসনের পাশাপাশি রাজ্য সরকারের প্যাকেজের আওতায় সহায়তা দেওয়া হয়।

□ এবছর ফ্রান্সে 'কান চলচ্চিত্র উৎসব'এ প্রথমবারের মতো সম্পূর্ণ কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে তৈরি একটি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র 'হেল গ্রাইন্ড' দেখানো হল। চলচ্চিত্রটি তৈরি করেছে সান ফ্রান্সিসকোর স্টার্টআপ 'হিগসফিল্ড এআই'। ১৫ জনের একটি দল মাত্র ১৪ দিনে ৯৫ মিনিটের এই চলচ্চিত্র তৈরি করেছিল। চলচ্চিত্রটি তৈরিতে খরচ হয়েছিল প্রায় ৫ লাখ ডলার, যার ৮০ শতাংশই ছিল এআই কম্পিউটিং খরচ। বিজ্ঞান-কল্পকাহিনী ও অ্যাকশন-ফ্যান্টাসি ঘরানার এই চলচ্চিত্রটিতে চারজন চোরের আন্ডারওয়ার্ল্ডে যাওয়ার গল্প তুলে ধরা হয়েছে।

□ পর্যটন ও আতিথেয়তা খাতকে (হোটেল ও গেস্ট হাউজ) আনুষ্ঠানিকভাবে শিল্পের মর্যাদা দিল লাদাখ প্রশাসন। এই সিদ্ধান্তের ফলে অঞ্চলটির ১,২৫৭টি (যার মধ্যে ১,০৭৮টি লেহ'তে ও ১৭৯টি কার্গিলে অবস্থিত) রেজিস্টার্ড হোটেল ও গেস্ট হাউস সরাসরি উপকৃত হবে। ১ জুন থেকে পুরো কেন্দ্রশাসিত অঞ্চলে এই নির্দেশটি কার্যকর হয়েছে। এই সিদ্ধান্তটি কার্যকর হওয়ার ফলে, আতিথেয়তা ব্যবসাগুলি বাণিজ্যিক হারের বদলে সাধারণ শিল্পের মতো কম বিদ্যুৎ ও জলের বিল দেবে। এই খাতের সঙ্গে যুক্ত ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলি এখন থেকে সরকারি নীতিমালার অধীনে ভরতুকি ও সহজে ব্যাঙ্ক ঋণের সুবিধা পাবে। লাদাখের পর্যটন ও সংস্কৃতি বিভাগকে এই প্রকল্পটি বাস্তবায়নের জন্য নোডাল বিভাগ হিসাবে মনোনীত করা হয়েছে।

২৪ মে : 'পেনশন ফান্ড রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি'র তরফ থেকে জাতীয় পুরস্কার পেল 'কর্ণাটক গ্রামীণ ব্যাঙ্ক'। 'অটল পেনশন যোজনা'র আওতায়, নাম নিবন্ধনে অসামান্য পারদর্শিতার স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেল তারা। 'পেনশন ফান্ড রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি'র ১,৭৫,৫০০টি অ্যাকাউন্টের লক্ষ্যমাত্রার বিপরীতে ২,৪৯,১৮৫টি অটল পেনশন যোজনা অ্যাকাউন্ট খুলেছে কর্ণাটক গ্রামীণ ব্যাঙ্ক, যা লক্ষ্যমাত্রার ১৪২% ও কর্ণাটকের সব ব্যাঙ্কের মধ্যে সর্বোচ্চ।

□ কর্ণাটকের দ্বিতীয় তথা বেঙ্গালউরুর প্রথম দাবাড়ু হিসাবে 'উইমেনস ইন্টারন্যাশনাল মাস্টার' খেতাব অর্জন করলেন ১৯ বছর বয়সি স্বরা লক্ষ্মী নায়ার। ২০১৯ সালে কর্ণাটকের প্রথম দাবাড়ু হিসাবে এই খেতাব অর্জন করেছিলেন ইশা শর্মা। স্লোভেনিয়ার 'পতুজ ইন্টারন্যাশনাল মাস্টার্স' টুর্নামেন্টের নবম রাউন্ডে ক্রুম্পাচনিক ডোমেন'এর (স্লোভেনিয়ার) বিপক্ষে ড্র করার মাধ্যমে এই খেতাব অর্জন করেন স্বরা।



প্রথম ভারতীয় পুরুষ হিসাবে, ১০০ মিটার দৌড়ে ঐতিহাসিক ১০.০৯ সেকেন্ড সময় নিয়ে দৌড় শেষ করে নজির গড়লেন গুরিন্দরবীর সিং। তিনিই প্রথম ভারতীয় ক্রীড়াবিদ, যিনি ১০.১০ সেকেন্ডের থেকে কম সময়ে এই রেস শেষ করলেন। রাঁচিতে, 'জাতীয় সিনিয়র ফেডারেশন মিট'এ এই রেকর্ড গড়লেন পঞ্জাবের এই ক্রীড়াবিদ। এর আগে এই ইভেন্টে ১০.১৮ সেকেন্ডের রেকর্ড ছিল অনিমেশ খুজুর'এর। দুরন্ত এই সাফল্যের কারণে এশিয়ান গেমস ও কমনওয়েলথ গেমসের যোগ্যতা অর্জন করলেন ২৫ বছর বয়সি গুরিন্দরবীর।

২৫ মে : পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিক হিসাবে নিযুক্ত হলেন নীলম মীনা।

□ ২০২৫ সালের 'ইউএন মিলিটারি জেন্ডার অ্যাডভোকেট অফ দ্য ইয়ার' পুরস্কার পেলেন লেবাননে কর্মরত ভারতীয় শান্তিরক্ষী মেজর অভিলাষা বারাক। লেবাননে রাষ্ট্রসঙ্ঘের শান্তিরক্ষা মিশনে কর্মরত থাকা অবস্থায় মহিলাদের ক্ষমতায়ন, কিশোরীদের নিয়ে সচেতনতা বৃদ্ধি ও শান্তিরক্ষা বাহিনীর সদস্যদের লিঙ্গভেদ সংক্রান্ত প্রশিক্ষণ দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকার স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি।

□ চিনের মহাপ্রাচীরের পর, রাজস্থানের কুম্ভলগড় দুর্গের প্রাচীরকে বিশ্বের দ্বিতীয় দীর্ঘতম অবিচ্ছিন্ন ও অক্ষত প্রাচীর হিসাবে স্বীকৃতি দিল 'ইউনেস্কো'র একটি সমীক্ষা। কুম্ভলগড় দুর্গ রাজস্থানের রাজসমন্দ জেলায় আরাবল্লী পাহাড়ের চূড়ায় অবস্থিত। ১৫ শতকে মেওয়ারের শাসক মহারানা কুম্ভ এই দুর্গ ও প্রাচীর তৈরি করেছিলেন। এই প্রাচীরটি প্রায় ৩৬ কিলোমিটার (২২ মাইল) দীর্ঘ। ২০১৩ সালে এটি 'ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ সাইট' হিসাবে স্বীকৃতি পায়।

□ কেরলমের প্রথম বেসরকারি চিকিৎসা জাদুঘর চালু হল তিরুবনন্তপুরমের উল্লুরে। এটি ভারতেরও প্রথম বেসরকারি চিকিৎসা জাদুঘর। এটির নাম 'মিউজিয়াম অফ মেডিক্যাল আর্কাইভস'। এটির প্রতিষ্ঠাতা তিরুবনন্তপুরম সরকারি মেডিক্যাল কলেজের প্রাক্তন আর্টিস্ট-মডেলর এ.শিবরাজন। চিকিৎসা জাদুঘর হল এমন একটি সংগ্রহস্থল, যেখানে চিকিৎসা ও চিকিৎসা শিক্ষা সম্পর্কিত শিক্ষণ সহায়ক উপকরণ, অ্যানাটমিক্যাল মডেল, চার্ট ও নথিপত্র সংরক্ষিত থাকে। এই উদ্যোগের উদ্দেশ্য হল, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্যসেবার বিবর্তনকে ক্লাসরুমের গণ্ডি ছাড়িয়ে সাধারণ মানুষের কাছে সহজলভ্য করে তোলা।

□ পর্তুগিজ তারকা ক্রিশ্চিয়ানো রোনাল্ডো'র পর, বিশ্বের দ্বিতীয় ফুটবলার হিসাবে বিলিয়নেয়র ক্লাবে যোগ দিলেন আর্জেন্তাইন সুপারস্টার লিওনেল মেসি। 'ব্লমবার্গ বিলিয়নেয়র্স ইনডেক্স'এর সর্বশেষ আর্থিক বিশ্লেষণ অনুযায়ী, মেসির মোট সম্পদ এক বিলিয়ন মার্কিন ডলারের বেশি। প্রতিবেদন অনুযায়ী, ২০০৭ সাল থেকে শুধু মাঠের মাইনে ও বোনাস বাবদই আয় করেছেন ৭০০ মিলিয়ন মার্কিন ডলারের বেশি। এর বাইরে কর সমন্বয়, বিভিন্ন লাভজনক ব্র্যান্ডের স্পন্সরশিপ, বৈশ্বিক বাজারের পারফরম্যান্স-সহ প্রভৃতি হিসাব মিলিয়ে মেসির আয় দাঁড়িয়েছে এক বিলিয়ন ডলার।

২৬ মে : ভারত তার প্রথম ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেম চালু করল। এই ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেমের মোট ধারণক্ষমতা ৩.৩৭ গিগাওয়াট ঘন্টা। গুজরাতের কচ্ছ সীমান্তে অবস্থিত খাভদায় এটি চালু করেছে 'আদানি গ্রিন এনার্জি লিমিটেড'। এই ব্যবস্থার মাধ্যমে সৌর বা বায়ুশক্তি থেকে উৎপাদিত বিদ্যুৎ ব্যাটারিতে সংরক্ষণ করে প্রয়োজন অনুযায়ী যেকোনো শহরে সরবরাহ করা সম্ভব। এই ব্যবস্থাটি গোয়া, ইন্দোর ও চণ্ডীগড়ের মতো পুরো শহরগুলিতে বিদ্যুৎ সরবরাহ করতে পারে। মাত্র ১০ মাসের মধ্যে এই ব্যবস্থাটি চালু করা হয়েছে। এর ফলে, চিনের পর ভারত হবে বিশ্বের দ্বিতীয় দেশ, যারা এত বিশাল পুনর্নবীকরণযোগ্য শক্তি সঞ্চয় সক্ষমতা অর্জন করবে।

২৭ মে : প্রথম ভারতীয় কোম্পানি হিসাবে কর্পোরেট ইতিহাসে নজির গড়ল 'রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড'। ২০২৬ আর্থিক বছরে ১২০ বিলিয়ন ডলার বার্ষিক আয়ের মাইলফলক অতিক্রম করল তারা। এবছর ১২৪ বিলিয়ন ডলার রাজস্ব আয় করেছে সংস্থাটি।

□ ইবোলা ভাইরাসের একটি নতুন স্ট্রেইনের বিরুদ্ধে নতুন টিকা তৈরি করলেন রাশিয়ার বিজ্ঞানীরা। দেশটির স্বাস্থ্যমন্ত্রী মিখাইল মুরাশকো এই টিকা আবিষ্কারের ঘোষণা করেন। এই নতুন টিকাটি এখন মধ্য আফ্রিকায়, বিশেষ করে কঙ্গো ও উগান্ডায়, ছড়িয়ে পড়া বিরল ও মারাত্মক 'বুন্দিবুগিও' ইবোলা স্ট্রেইনের বিরুদ্ধে সুরক্ষা দিতে পারে। রাশিয়ার গামালিয়া সেন্টারের গবেষকদের মতে, এই টিকার স্ট্রেইনের সঙ্গে বর্তমান ইবোলা স্ট্রেইনের জিনগত মিল প্রায় ৬০% থেকে ৭০%। প্রসঙ্গত উল্লেখ্য, ইবোলা একটি গুরুতর ভাইরাসজনিত রোগ, যার মৃত্যুহার অত্যন্ত উচ্চ।

□ বেঙ্গালউরুতে, অষ্টম 'ইন্ডিয়ান ওপন ইন্টারন্যাশনাল প্যারা অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের জ্যাভলিন থ্রোয়ের এফ৬৪ বিভাগে নিজেরই বিশ্ব রেকর্ড ভাঙলেন সুমিত আন্তিল। ৭৪.৮২ মিটার দূরত্বে জ্যাভলিন ছুঁড়েছেন তিনি। এই নিক্ষেপটি তাঁর আগের ৭৩.২৯ মিটারের বিশ্ব রেকর্ডটি ভেঙে দিয়েছে, যা ২০২২ সালে 'প্যারা এশিয়ান গেমস'এর সময় গড়েছিলেন তিনি।

□ মিউনিখে, 'আইএসএসএফ বিশ্বকাপ'এ মহিলাদের ২৫ মিটার পিস্তল ইভেন্টে বিশ্ব রেকর্ড ভাঙলেন ভারতীয় শুটার ইশা সিং। ফাইনালে ৫০'এর মধ্যে ৪৩ স্কোর করে দক্ষিণ কোরিয়ার কিম ইয়েজি'র আগের ৪২ পয়েন্টের রেকর্ড ভেঙে সোনার পদক জিতলেন তিনি।

২৮ মে : 'আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশন'এ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন পীযুস সিংলা।

□ কেরলমের দক্ষিণ পশ্চিমঘাট পর্বতমালার 'শেন্দুরনে বন্যপ্রাণী অভয়ারণ্য'এর নদী-তীরবর্তী বনে একটি নতুন চিরহরিৎ বৃক্ষ প্রজাতি 'Humboldtia nairiana' আবিষ্কার করলেন 'জওহরলাল নেহরু ট্রপিক্যাল বোটানিক্যাল গার্ডেন অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট'এর গবেষকরা। 'অগস্ত্যমালাই বায়োস্ফিয়ার রিজার্ভ' এলাকার অংশ হিসাবে এই অভয়ারণ্যটি তার সমৃদ্ধ ক্রান্তীয় চিরহরিৎ জীববৈচিত্র্যের জন্য সুপ্রসিদ্ধ। এটি 'Humboldtia' গণের ও 'Fabaceae' গোত্রের একটি নব-আবিষ্কৃত মাঝারি আকারের চিরহরিৎ বৃক্ষ প্রজাতি। এটি প্রায় ৫ থেকে ৮ মিটার উচ্চতা পর্যন্ত বাড়ে ও এর আলাদা অঙ্গজ ও প্রজননগত বৈশিষ্ট্য রয়েছে। এই প্রজাতির গাছের ছাল আঁচিলযুক্ত ও হালকা বাদামি রঙের হয় আর এর নীচের দিকটি ক্রিম সাদা। এর শাখাগুলি কৌণিক ও মসৃণ আর এতে ছোট উপপত্র রয়েছে। এর ফুলগুলি তুলনামূলকভাবে বড় ও লম্বা বোঁটাযুক্ত।

□ এবছর মর্যাদাপূর্ণ 'স্ক্রিপস ন্যাশনাল স্পেলিং বি' প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হল ক্যালিফোর্নিয়ার ১৪ বছর বয়সি ভারতীয়-মার্কিনি শিক্ষার্থী শ্রেয় পারিখ। ৯০ সেকেন্ডে ৩৫টির মধ্যে ৩২টি শব্দ সঠিকভাবে বানান করে এই শিরোপা জিতে নেয় সে। আরেক ভারতীয় বংশোদ্ভূত ছাত্র ঈশান গুপ্তাকে হারিয়ে এই প্রতিযোগিতা জিতেছে অষ্টম শ্রেণির ছাত্র শ্রেয় পারিখ।

□ অন্ধ্র প্রদেশের বিজয়ওয়াড়ার 'ইন্দিরা গান্ধী স্টেডিয়াম' থেকে 'মিশন SANA'র অধীনে, ভারতের প্রথম দেশীয় সুপার-প্রেশার বেলুন 'VISTA' সফলভাবে উৎক্ষেপণ করল হায়দরাবাদের স্টার্টআপ 'রেড বেলুন অ্যারোস্পেস'। এই যুগান্তকারী পদক্ষেপের মাধ্যমে ভারত বিশ্বের সেই নির্বাচিত দেশগুলির তালিকায় প্রবেশ করল, যাদের এই বিশেষ 'নিয়ার-স্পেস' প্রযুক্তি রয়েছে। এই সুপার-প্রেশার বেলুনটি বায়ুমণ্ডলীয় গবেষণা ও আবহাওয়া বিষয়ক তথ্য সংগ্রহের কাজে ব্যবহৃত হবে। 'VISTA' বেলুনটি স্ট্র্যাটোস্ফিয়ারে প্রায় ২৫ কিলোমিটার (প্রায় ১৫.৫ মাইল) উচ্চতায় উঠেছিল। এটি ৭টি জাতীয় ও আন্তর্জাতিক অংশীদারের বাণিজ্যিক পেলোড ও যন্ত্রপাতি বহন করেছিল। এটি টেলিযোগাযোগ, পৃথিবী পর্যবেক্ষণ, দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ পর্যবেক্ষণ ও কৌশলগত নজরদারির কাজে ব্যবহার করা যেতে পারে। মাত্র ৮ মাসের মধ্যে সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে এই সুপার-প্রেশার বেলুনটি তৈরি করা হয়েছে।

□ হংকংয়ে, ২২ তম 'এশিয়ান অনূর্ধ্ব-২০ অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের ১০০ মিটার দৌড়ে ব্রঞ্জ পদক পেলেন ভারতীয় তরুণী দৌড়বিদ নিপম। ১১.৬২ সেকেন্ড সময় নিয়ে তৃতীয় স্থান অধিকার করেছেন তিনি।

২৯ মে : ভারতীয় নৌবাহিনীর ৪৮ তম ভাইস চিফ হিসাবে দায়িত্ব নিলেন ভাইস অ্যাডমিরাল অজয় কোচার।


□ পশ্চিমবঙ্গের অ্যাডভোকেট জেনারেল হিসাবে নিযুক্ত হলেন প্রবীণ আইনজীবী সুরজিৎ নাথ মিত্র।

৩০ মে : এবছর সৌদি আরবে, 'খিতামাহ মিসক' অনুষ্ঠানে দু'টি মর্যাদাপূর্ণ পুরস্কার পেল ভারতীয় হজ মিশন, যা দেশের জন্য একটি ঐতিহাসিক মাইলফলক। তীর্থযাত্রী সেবায় উৎকর্ষের স্বীকৃতি হিসাবে প্রতি বছর 'লাবাইতুম পুরস্কার' দেয় সৌদি হজ মন্ত্রক। 'সেরা হজ সমন্বয়' ও 'যোগাযোগ' বিভাগে পুরস্কৃত হয়েছে ভারতীয় হজ মিশন। হজ চলার সময় তীর্থযাত্রীদের সর্বোত্তম পরিষেবা প্রদানকারী দেশকে 'লাবাইতুম পুরস্কার' দেওয়া হয়। এই অনুষ্ঠানটি হজ মরসুমের আনুষ্ঠানিক সমাপ্তি নির্দেশ করে।

৩১ মে : ভারতের নতুন চিফ অফ ডিফেন্স স্টাফ হিসাবে দায়িত্ব নিলেন জেনারেল এন.এস.রাজা সুব্রামানি।

□ দেশের ২৭ তম নৌবাহিনী প্রধান হিসাবে নিযুক্ত হলেন অ্যাডমিরাল কৃষ্ণ স্বামীনাথন।

□ হংকংয়ে, 'এশিয়ান অনূর্ধ্ব-২০ অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের ৮০০ মিটার দৌড়ে সোনার পদক পেলেন ভারতের মোগলি ভেক্টরাম।



গুজরাত টাইটানস'কে ৫ উইকেটে হারিয়ে, এবছর 'ইন্ডিয়ান প্রিমিয়র লিগ' জিতল রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালউরু।

□ আর্সেনালকে পেনাল্টি শুটআউটে ৪-৩ ব্যবধানে হারিয়ে, টানা দ্বিতীয়বারের মতো 'উয়েফা চ্যাম্পিয়ন্স লিগ' শিরোপা জিতল পিএসজি।

১ জুন : ভারতীয় বিমান বাহিনীর সেন্ট্রাল এয়ার কম্যান্ডের এয়ার অফিসার কম্যান্ডিং-ইন-চিফ হিসাবে দায়িত্ব নিলেন এয়ার মার্শাল তরুণ চৌধুরি।

□ ডিজিটাল স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য মাইলফলক অর্জন করল রাজস্থান। 'আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশন'এর আওতায়, ৭.১৯ কোটিরও বেশি 'আয়ুষ্মান ভারত হেলথ অ্যাকাউন্ট' আইডি তৈরি করে, উত্তর প্রদেশের পর দ্বিতীয় বৃহত্তম রাজ্যে পরিণত হয়েছে রাজস্থান। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২৬ সালে ভারত ৯০ কোটি 'আভা' অ্যাকাউন্ট খোলার মাইলফলক অর্জন করেছে।

□ এবছর 'Guitar Wiz' অ্যাপের জন্য 'ইনক্লুসিভিটি' (অন্তর্ভুক্তি) বিভাগে মর্যাদাপূর্ণ 'অ্যাপল ডিজাইন পুরস্কার' জিতলেন বেঙ্গালউরুর ডেভেলপার বিজয় থাঙ্গারাজ। বিভিন্ন শারীরিক বা ভিন্ন ক্ষমতার সঙ্গীতশিল্পীরা যেন স্বাধীনতা ও স্বাচ্ছন্দ্যের সঙ্গে গিটার বাজাতে বা শিখতে পারেন, তার জন্য এই অ্যাপটিকে স্বীকৃতি দিয়েছে 'অ্যাপল'। অ্যাপটি গিটার শেখার ক্ষেত্রে নোট, কর্ড, আঙুলের সঠিক অবস্থান ও অন্যান্য বিষয় সম্পর্কিত নির্দেশিকা কণ্ঠস্বরের মাধ্যমে প্রদান করে।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

বিশেষ বিজ্ঞপ্তি

কর্মসংস্থান পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

AIIMS কল্যাণীর পাশে মেয়েদের জন্য সরকার স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজে নতুন সেশনে ভরতি শুরু



নার্সিংকে পেশা হিসাবে নিলে কোর্স শেষে নিশ্চিত চাকরি। গুরুত্বপূর্ণ এই কোর্সের খুঁটিনাটি ব্যাপারে জানালেন, মেয়েদের জন্য রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজ, কল্যাণীর এইমসের পাশে গড়ে ওঠা 'সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ'এর ডিরেক্টর মালবিকা ভট্টাচার্য।



এই প্রতিষ্ঠানের ১০৭ শয্যাবিশিষ্ট নতুন মাল্টি স্পেশালিটি হাসপাতাল এবছর নভেম্বর মাসে চালু হচ্ছে। এখানকার নার্সরা তাই প্রথম থেকেই সুপার স্পেশালিটি হাসপাতালে কাজ করার সুযোগ পাবে — যা অন্য কোথাও নেই।

INC, WBUHS ও WBNC স্বীকৃত নার্সিং কলেজ, সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চে B.Sc ও GNM নার্সিং কোর্সে ভরতি শুরু হয়েছে। কল্যাণী এইমসের পাশে থাকা এই কলেজটি মেয়েদের জন্য এখন রাজ্যের অন্যতম সেরা নার্সিং প্রতিষ্ঠান। কলেজের ডিরেক্টর মালবিকা ভট্টাচার্যের মুখ থেকে শুনে নেওয়া যাক এর যথাযথ কারণ — "(১) দেখুন প্রথমেই আমরা যে বিষয়ে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছি তা হল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনুমোদন অর্থাৎ, আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন তা রাজ্য সরকার (WBNC / WBUHS) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল অনুমোদিত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) আমাদের কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা মেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকক্ষেত্রে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, মেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৩) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে জরুরি হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের সুবিধা আছে। (৪) এইকলেজের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/ নার্সিং হোম / ডায়াগনস্টিক্স সেন্টার / মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের প্লেসমেন্ট পেতে সাহায্য করবে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফী'তে এত উন্নত মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) AIIMS কল্যাণীর পাশে থাকায় অনেক সময় গেস্ট ফ্যাকাল্টি হিসাবে গ্রেড-এ মেন্টর / নার্সিং অফিসারেরা ক্লাস নেন — যা অন্য কোনো কলেজের ক্ষেত্রে সম্ভব হবে না।" উল্লেখ্য, AIIMS কল্যাণীর পাশে গড়ে ওঠা এইনার্সিং কলেজে, যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM অথবা B.Sc নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। মেয়েরা বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না। কলেজে ভরতি হওয়ার জন্য হেল্প লাইন নম্বর : 9903205182, 8017656252. ভরতির জন্য সরাসরি যোগাযোগের ঠিকানা : Gate No. 7 (Near AIIMS, Kalyani), Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246.

MBS
Multi Speciality Hospital
License Number : 33652675
OUR FACILITIES & DEPARTMENTS
CRITICAL CARE & SURGICAL UNITS
24/7 Emergency Medicine & Trauma Care
ICU + HDU + NICU (Neonatal Intensive Care)
Modular Operation Theatre (OT)
General & Advanced Laparoscopic Surgery
Orthopaedics & Joint Care
SPECIALIZED DEPARTMENTS
Obstetrics & Gynecology
Pediatrics & Neonatology
Gastroenterology
Nephrology
Internal Medicine & Diabetology
Dental Surgery
SUPPORT SERVICES
Fully Automated Laboratory
24/7 In-house Pharmacy
Radiology (X-Ray, USG, Mammography)
Gate No- 7, Balindi, Near BSF Camp Kalyani, Haringhata, Nadia 741246 +91 62967 57089
mbshospitalkalyani@gmail.com
https://mbshospital.com/

৯৮ প্রোজেক্ট টেকনিশিয়ান

নিজস্ব সংবাদদাতা, দেরাদুন : কেন্দ্রীয় সংস্থা ইন্ডিয়া অপটেল লিমিটেড প্রোজেক্ট টেকনিশিয়ান পদে ৯৮ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

প্রোজেক্ট টেকনিশিয়ান (ফিটার ইন্সট্রুমেন্ট) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইন্সট্রুমেন্ট মেকানিক, অ্যাডভান্স মেকানিক (ইন্সট্রুমেন্টস) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৩৯টি (জেনাঃ ১৯, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ৭)।

প্রোজেক্ট টেকনিশিয়ান (ফিটার ইলেক্ট্রনিক্স) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক, মেকানিক মেকাট্রনিক্স, মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, মেকানিক (এমবেডেড সিস্টেম অ্যান্ড পি.এল.সি.), মেকানিক পাওয়ার ইলেক্ট্রনিক্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৪৩টি (জেনাঃ ১৯, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ৬)।

প্রোজেক্ট টেকনিশিয়ান (মেশিনিস্ট) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ)।

প্রোজেক্ট টেকনিশিয়ান (অপটিক্যাল ওয়ার্কার) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে অপটিক্যাল ওয়ার্কার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)।

প্রোজেক্ট টেকনিশিয়ান (ইলেক্ট্রোপ্লেটার) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রোপ্লেটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ২-১০-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। চাকরি হবে ২ বছরের চুক্তিতে। মূল মাইনে : ২০,০০০-৬৫,০০০ টাকা। আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর দেখে বাছাই প্রার্থীদের ট্রেড টেস্টে (প্র্যাক্টিক্যাল) ডাকা হবে। দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম পাবেন এই ওয়েবসাইটে : https://indiaoptel.in তখন সঙ্গে দেবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ইত্যাদি প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post .....on Fixed Term Contract Basis'. দরখাস্ত পৌঁছনো চাই ২ অক্টোবরের মধ্যে। এই ঠিকানায় : The Chairman & Managing Director, India Optel Limited, OFILDD Campus, Raipur, Dehradun (Uttarakhand) -248 008.

PSC-র পরীক্ষায় এবার থেকে পরীক্ষা ফী লাগবে না

১ পাতার পর

ক্ষেত্রে পরীক্ষা ফী মকুব করা হতে পারে। আর ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি এ মাসের যে কোনো দিনই বেরোতে পারে। পি.এস.সি.'র ওয়েবসাইটে আরো আধুনিক প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে। তাই পি.এস.সি.'র ওয়েবসাইট খুলতে সাময়িক অসুবিধায় পড়ছেন অনেকেই। অন্যদিকে, ২০২৩ সালের ক্লার্কশিপ মেনসের ফল শিগগিরই বেরোচ্ছে। ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষার ফলও বেরোবে।

ডব্লু.বি.সি.এস-সহ অন্যান্য পরীক্ষায় পরীক্ষা ফী'র ব্যাপারে বিশদে জানতে দেখুন আমাদের YouTube Link : https://youtube.com/@karmasangsthan-channe?si=pslQ-bzpr2Zqy4jy

Facebook Link ; https://www.facebook.com/share/1EwDqQD7bx/

প্রাইমারি + আপার প্রাইমারি TET
অনলাইন এবং অফলাইন কোচিং
চ্যালেঞ্জিং নোট • পৃথক বিষয়ভিত্তিক অভিজ্ঞ শিক্ষক দ্বারা ক্লাস • ভর্তির সময় সম্পূর্ণ নোট • 50টি সম্পূর্ণ MOCK TEST
সফল
2017 TET - 57 জন
2022 TET - 160 জন
2024 UPPER TET - 110 জন
100 পেজের Suggestive নোট
In-service TET এর 2nd Batch শুরু হচ্ছে 28th October থেকে
হেড অফিস : নরেন্দ্রপুর, গাটাল, বর্ধমান
8653501110

RICE EDUCATION
কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে শীঘ্রই হতে চলেছে লক্ষাধিক পদে নিয়োগ, চাকরিপ্রার্থীদের জন্য সুবর্ণ সুযোগ
PSC Miscellaneous এ সফলতার প্রস্তুতিতে আপনার একমাত্র ভরসা RICE Education
দীর্ঘ ৪১ বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠানের প্রশিক্ষণে আজ থেকেই শুরু হোক সাফল্যের প্রস্তুতি
Prof. (Dr.) Samit Ray
• Founder & Chairman, RICE - Adamas Group
• Founder & Chancellor - Adamas University
স্বপ্ন বড় হতে হবে।
লক্ষ্য যদি হয় WBCS, CGL, CHSL, BANK বা RAILWAY, তাহলে প্রস্তুতিটাও হতে হবে দুর্দান্ত। RICE শুধুমাত্র একটি কোচিং নয়, এটা একটি চেতনা। এখানে আমরা শেখাই কীভাবে জীবনের প্রতিটি চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়, কীভাবে আত্মবিশ্বাসের সঙ্গে নিজেকে গড়ে তুলতে হয়। যতই প্রতিযোগিতা থাকুক না কেন, যদি রোজ নিজেকে একটু একটু করে গড়ে তোলো, তোমার সাফল্যকে কেউ আটকাতে পারবে না। রাইসে পড়া মানে শুধু নোটস আর মক টেস্ট নয়, ভবিষ্যৎ জীবনের জন্য প্রস্তুতি।
বিগত PSC Miscellaneous পরীক্ষায় RICE Education এর কিছু সফল নক্ষত্র
TANIA KUNDU — PSC Misc-2019 — Assistant Programme Officer — Santipur, Nadia
SOURADEEP CHATTOPADHYAY — PSC Misc-2019, Inspector, Backward Classes Welfare — Hillview(N), Bardhaman
ABHIJIT DAS — PSC Misc-2019, Block Welfare Officer / Welfare Officer — Deganga, 24 Pgs(N)
SRESTHA BANERJEE — PSC Misc-2019, Block Welfare Officer / Welfare Officer — Bosepukur Road, Kolkata
ATANU MAHATO — PSC Misc-2019 — Investigating Inspector, Naskar Pukur Road, 24 Pgs(N)
RICKCHEN TSHERING LEPCHA — PSC Misc-2019 — Assistant Programme Officer — North Point Singamari, Darjeeling
PRANISHA PRADHAN — PSC Misc-2019 — Revenue Inspector — Nagrispur, Darjeeling
SOURAV SEN — PSC Misc-2019, Inspector, Backward Classes Welfare — Salt Lake, Sector-II, Kolkata
MIR MUSABBIR HOSSAIN — PSC Misc-2019 — Assistant Programme Officer — Khargram, Murshidabad
PAULAMI DAS — PSC Misc-2019, Block Welfare Officer / Welfare Officer — Ranaghat, Nadia
& many more...
আবারও Kolkata Police SI -এর লিখিত পরীক্ষায় RICE Education-এর রেকর্ড সংখ্যক ছাত্রছাত্রীর সাফল্য! ৫০+ ছাত্রছাত্রী পরবর্তী পর্যায়ে উত্তীর্ণ হয়ে পেলেন ইন্টারভিউ কল
আগামী 4th অক্টোবর PSC Miscellaneous 2024 প্রিলিমিনারি পরীক্ষায় সকল পরীক্ষার্থীদের জন্য রইল আন্তরিক শুভেচ্ছা ও শুভকামনা।
পরিশ্রম ও প্রস্তুতির প্রতিফলন ঘটুক সাফল্যে— Best of Luck!
RICE RESIDENTIAL
RICE মেথডোলজি, সেরা আবাসিক পরিবেশে নিশ্চিত সাফল্যের জন্য
পূর্ব ভারতের প্রথম ও একমাত্র সরকারি চাকরির প্রশিক্ষণের আবাসিক প্রোগ্রাম
Residential Program available at Adamas Knowledge City, Barasat
Next Batch Starts Soon! Get ready to begin your journey towards success. Helpline: 62921 90230
Classroom / Residential
IAS | WBCS | PSC | SSC | Rail | Police | Bank | Insurance
Head Office - Belgharia (Dishari House) 84799 02085 / 84799 18026 | Sealdah (City Office) 84799 17959 / 84799 18013
Bardhaman : 84799 00575 | Berhampore : 84799 17952 | Behala : 84799 17961 | Coochbehar : 84799 00576 | Durgapur : 84799 00578 | Jalpaiguri : 73648 82509 | Malda : 84799 17953 | Midnapore : 84799 17954 | Siliguri : 84799 17965 | Sonarpur: 84799 17962 | Tamluk : 84799 17957
Helpline 62921 90230
riceeducation.in

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No, B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com